**01. ত্রিভুজের তিনটি শীর্ষ বিন্দুর স্থানাঙ্ক (3, 5), (– 3, 3) এবং (– 1, – 1) হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ একক?**

Ⓐ 20 Ⓑ 18 Ⓒ 14 Ⓓ 12

**Ans C Solve** ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} 3 & 5 & 1 \\ -3 & 3 & 1 \\ -1 & -1 & 1 \end{vmatrix} = \frac{1}{2}\begin{vmatrix} 6 & 2 & 0 \\ -2 & 4 & 0 \\ -1 & -1 & 1 \end{vmatrix}$

$= \frac{1}{2} \times 1\,(24 + 4) = \frac{1}{2} \times 28 = 14$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

02. একটি ত্রিভুজের শীর্ষবিন্দুসমূহের পোলার স্থানাঙ্ক যথাক্রমে পোল, $\left(\sqrt{2}, \frac{\pi}{4}\right)$ ও $\left(2, \frac{\pi}{3}\right)$ হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল বর্গ একক হবে–

Ⓐ $1+\sqrt{3}$ Ⓑ $\left(\frac{1+\sqrt{3}}{2}\right)$ Ⓒ $1-\sqrt{3}$ Ⓓ $\left(\frac{\sqrt{3}-1}{2}\right)$

**D Solve** $O(0,0)$ ; $A = \left(\sqrt{2}\cos\frac{\pi}{4}, \sqrt{2}\sin\frac{\pi}{4}\right) = (1,1)$

$B = \left(2\cos\frac{\pi}{3}, 2\sin\frac{\pi}{3}\right) = (1, \sqrt{3})$ $\therefore \Delta = \frac{1}{2}\begin{vmatrix} 0 & 0 & 1 \\ 1 & 1 & 1 \\ 1 & \sqrt{3} & 1 \end{vmatrix} = \frac{\sqrt{3}-1}{2}$

## Topic 6 ঢাল নির্ণয়

- $ax + by + c = 0$ সরলরেখার ঢাল, $m = -\frac{x \text{ এর সহগ}}{y \text{ এর সহগ}} = -\frac{a}{b}$
- কোন সরলরেখা x- অক্ষের ধনাত্মক দিকের সাথে $\theta$ কোণ উৎপন্ন করলে তার ঢাল, $m = \tan\theta$ এবং x-অক্ষের ধনাত্মক দিকের সাথে উৎপন্ন কোণ, $\theta = \tan^{-1}m$
- x- অক্ষের সমান্তরাল বা y- অক্ষের উপর লম্ব রেখার ঢাল, $m = \tan0° = 0$.
- y অক্ষের সমান্তরাল বা x অক্ষের উপর লম্ব রেখার ঢাল, $m = \tan90° = \infty$
- $(x_1, y_1)$ ও $(x_2, y_2)$ বিন্দুদ্বয়গামী সরলরেখার ঢাল, $m_1 = \frac{\text{কোটিদ্বয়ের অন্তর}}{\text{ভুজদ্বয়ের অন্তর}}$

$= \frac{y_1-y_2}{x_1-x_2}$ বা $\frac{y_2-y_1}{x_2-x_1}$ এবং এর লম্বের ঢাল, $m_2 = -\frac{x_1-x_2}{y_1-y_2}$ বা $-\frac{x_2-x_1}{y_2-y_1}$

- অক্ষদ্বয় থেকে সমান সমান অংশ ছেদ করে, এমন রেখার ঢাল $m = \pm1$

### Mathematical Problems

01. $y = -5x + 9$ রেখার সাথে লম্ব রেখার নতি-

Ⓐ 5 Ⓑ $-5$ Ⓒ $\frac{1}{5}$ Ⓓ $-\frac{1}{5}$

**C Solve** $y = -5x + 9$ এর ঢাল $= -5$ এর লম্বের ঢাল m হলে,

$m(-5) = -1$ $\therefore m = \frac{1}{5}$

02. $(3, -1)$ ও $(4, -2)$ বিন্দুদ্বয়ের সংযোগ সরলরেখা X অক্ষের সাথে কত ডিগ্রি কোণ উৎপন্ন করবে?

Ⓐ 45° Ⓑ 135° Ⓒ 120° Ⓓ 75°

**B Solve** $\tan\theta = \frac{-2+1}{4-3} = -1 = \tan135°$ $\therefore \theta = 135°$

03. y অক্ষের ঢাল কত?

Ⓐ 0 Ⓑ 1 Ⓒ $-1$ Ⓓ কোনোটিই নয়

**D Solve** y অক্ষ x অক্ষের উপর লম্ব বলে ঢাল $= \tan90° = \infty$

04. $\frac{x}{5} + \frac{y}{5} = -2$ সরলরেখার ঢাল কত?

Ⓐ $-5$ Ⓑ $-2$ Ⓒ $-1$ Ⓓ $-10$

**C Solve** $\frac{x}{5} + \frac{y}{5} = -2 \Rightarrow x + y = -10 \Rightarrow y = -x - 10$ এর ঢাল $= -1$

## Topic 7 সরলরেখার সমীকরণ নির্ণয়

**সাধারণ সমীকরণ:** সরলরেখার সাধারণ সমীকরণ $ax + by + c = 0$ যেখানে a,b,c ধ্রুবক।

i) x- অক্ষ হতে ছেদিত অংশ $= -\frac{c}{a}$ এবং y- অক্ষ হতে ছেদিত অংশ $= -\frac{c}{b}$

ii) x ও y অক্ষে ছেদবিন্দু যথাক্রমে $\left(-\frac{c}{a}, 0\right)$ ও $\left(0, -\frac{c}{b}\right)$

iii) অক্ষদ্বয়দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2}\frac{c^2}{|ab|}$ বর্গএকক।

- **সমান্তরাল/লম্ব রেখা:**
  i) x- অক্ষের সমীকরণ $y = 0$; ii) y- অক্ষের সমীকরণ $x = 0$ ;
  iii) x- অক্ষের সমান্তরাল বা y- অক্ষের উপর লম্ব সরলরেখার সমীকরণ $y = b$ যেখানে y- অক্ষ হতে ছেদক অংশ b এবং x যুক্ত পদ অনুপস্থিত;
  iv) y- অক্ষের সমান্তরাল বা x- অক্ষের উপর লম্ব সরলরেখার সমীকরণ $x = a$ যেখানে x- অক্ষ হতে ছেদক অংশ a এবং y যুক্ত পদ অনুপস্থিত;
- **ঢাল-ছেদ রেখা:**
  i) একটি রেখার ঢাল m এবং রেখাটি y অক্ষ থেকে c পরিমাণ অংশ কর্তন করলে উহার সমীকরণ, $y = mx + c$
  ii) রেখাটির y- অক্ষের উপর ছেদবিন্দু $(0, c)$
  iii) সরলরেখাটি মূলবিন্দুগামী $(0, 0)$ হলে সমীকরণ হবে, $y = mx$
- **ঢাল-বিন্দু রেখা:**
  i) m ঢাল বিশিষ্ট $(x_1, y_1)$ বিন্দুগামী সরলরেখার সমীকরণ, $y - y_1 = m(x - x_1)$
- **দ্বি-বিন্দুগামী রেখা:**
  i) $(x_1, y_1)$ ও $(x_2, y_2)$ বিন্দুদ্বয়গামী রেখার সমীকরণ, $\frac{y-y_1}{y_1-y_2} = \frac{x-x_1}{x_1-x_2}$ বা, $\frac{y-y_1}{y_2-y_1} = \frac{x-x_1}{x_2-x_1}$
  ii) মূলবিন্দু $(0, 0)$ এবং $(x_1, y_1)$ বিন্দুদ্বয়গামী সরলরেখার সমীকরণ, $y = \frac{y_1}{x_1}x$
- **দ্বি-ছেদক রেখা:**
  i) একটি সরলরেখার x এবং y অক্ষের ছেদক অংশ যথাক্রমে a এবং b হলে রেখাটির সমীকরণ হবে, $\frac{x}{a} + \frac{y}{b} = 1$
  ii) অক্ষদ্বয় দ্বারা ছেদাংশের মধ্যবিন্দুর স্থানাঙ্ক $\equiv \left(\frac{a}{2}, \frac{b}{2}\right)$
  iii) অক্ষদ্বয় দ্বারা ছেদকৃত মধ্যবর্তী অংশ $= \sqrt{a^2 + b^2}$ একক।
  iv) অক্ষদ্বয়দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2}ab$ বর্গএকক।
  v) অক্ষদ্বয়কে একই চিহ্নবিশিষ্ট সমমানের a অংশ ছেদ করে এরূপ সরলরেখার সমীকরণ, $x + y = \pm a$
  vi) অক্ষদ্বয় হতে বিপরীত চিহ্নবিশিষ্ট সমমানের a অংশ ছেদ করে এরূপ সরলরেখার সমীকরণ, $x - y = \pm a$
- **লম্ব-কোণ রেখা:**
  i) মূলবিন্দু হতে কোন সরলরেখার উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য P এবং লম্বটি x-অক্ষের ধনাত্মক দিকের সাথে $\alpha$-কোণ উৎপন্ন করে রেখাটির সমীকরণ, $x\cos\alpha + y\sin\alpha = p$
  ii) রেখাটির অক্ষদ্বয় দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল $= \frac{P^2}{\sin2\alpha}$
- **সমান্তরাল রেখা:**
  i) $ax + by + c = 0$ সরলরেখার সমান্তরাল সরলরেখার সমীকরণ, $ax + by + k = 0$
  ii) $(x_1, y_1)$ বিন্দুগামী ও $ax + by + c = 0$ রেখার সমান্তরাল রেখার সমীকরণ, $ax + by - (ax_1 + by_1) = 0$
- **লম্ব রেখা:**
  i) $ax + by + c = 0$ সরলরেখার উপর লম্ব সরলরেখার সমীকরণ, $bx - ay + k = 0$
  ii) $(x_1, y_1)$ বিন্দুগামী এবং $ax + by + c = 0$ রেখার লম্ব রেখার সমীকরণ, $bx - ay - (bx_1 - ay_1) = 0$
- **রেখাদ্বয়ের ছেদবিন্দুগামী রেখা:**
  $a_2x + b_2y + c_2 = 0$ ও $a_1x + b_1y + c_1 = 0$ সরলরেখাদ্বয়ের- ছেদবিন্দুগামী রেখার সমীকরণ, $(a_1x + b_1y + c_1) + k(a_2x + b_2y + c_2) = 0$।
- $a_1x + b_1y + c_1 = 0$ এবং $a_2x + b_2y + c_2 = 0$ রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত কোণসমূহের সমদ্বিখন্ডক রেখাসমূহের সমীকরণ, $\frac{a_1x+b_1y+c_1}{\sqrt{a_1^2+b_1^2}} = \pm\frac{a_2x+b_2y+c_2}{\sqrt{a_2^2+b_2^2}}$

(i) $a_1a_2 + b_1b_2 > 0$ হলে (+) নিয়ে স্থূলকোণের সমদ্বিখন্ডক এবং (–) নিয়ে সূক্ষ্মকোণের সমদ্বিখন্ডক নির্ণয় করতে হবে।

(ii) $a_1a_2 + b_1b_2 < 0$ হলে (–) নিয়ে স্থূলকোণের সমদ্বিখন্ডক এবং (+) নিয়ে সূক্ষ্মকোণের সমদ্বিখন্ডক নির্ণয় করতে হবে।

Academic Assistant of pdf collection
JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

## Mathematical Problems

**01.** Y অক্ষের সমান্তরাল এবং $2x - 7y + 11 = 0$ ও $x + 3y = 8$ রেখাদ্বয়ের ছেদবিন্দু দিয়ে অতিক্রমকারী সরলরেখার সমীকরণ–

Ⓐ $13x - 23 = 0$ Ⓑ $3x - 7 = 0$ Ⓒ $7x - 3 = 0$ Ⓓ $23x - 13 = 0$

Ans A Solve $2x - 7y + 11 = 0 \Rightarrow 6x - 21y + 33 = 0$

$x + 3y - 8 = 0 \Rightarrow 7x + 21y - 56 = 0$

যোগ করে, $13x - 23 = 0$

**02.** একটি সরলরেখার অক্ষদ্বয়ের মধ্যবর্তী অংশ (2, 3) বিন্দুতে সমদ্বিখন্ডিত হয়। সরলরেখাটির সমীকরণ-

Ⓐ $2x + 3y - 12 = 0$ Ⓑ $3x + 2y - 12 = 0$

Ⓒ $2x + 3y - 6 = 0$ Ⓓ $3x + 2y - 6 = 0$

Ans B Solve $\frac{x}{2.2} + \frac{y}{2.3} = 1 \Rightarrow 3x + 2y = 12 \therefore 3x + 2y - 12 = 0$

**03.** কোনো সরলরেখা X অক্ষের ঋণাত্মক দিকের সাথে 135° কোণ উৎপন্ন করে ও (2, 2) বিন্দু দিয়ে যায় তার সমীকরণ–

Ⓐ $x - y = 4$ Ⓑ $x - y = 1$ Ⓒ $x - y = 2$ Ⓓ $x - y = 0$

Ans D Solve $y - 2 = \tan(-135°)(x - 2) \Rightarrow y - 2 = \tan 45°(x - 2)$

$\Rightarrow y - 2 = x - 2 \therefore x - y = 0$

**04.** $3x + 2y = 9$ ও $2x + 3y = 11$ রেখাদ্বয়ের ছেদবিন্দুগামী এবং প্রথম সরলরেখাটির উপর লম্ব সরলরেখার সমীকরণ-

Ⓐ $2x - 3y - 9 = 0$ Ⓑ $2x - 3y + 9 = 0$

Ⓒ $2x - 3y + 7 = 0$ Ⓓ $2x - 3y - 7 = 0$

Ans C Solve $3x + 2y - 9 = 0;\ 2x + 3y - 11 = 0$

$\therefore \frac{x}{-22 + 27} = \frac{y}{-18 + 33} = \frac{1}{9 - 4} \Rightarrow \frac{x}{5} = \frac{y}{15} = \frac{1}{5}$

$\therefore x = 1, y = 3$ ছেদ বিন্দু (1,3)

নির্ণেয় সরলরেখার সমীকরণ, $2(x - 1) - 3(y - 3) = 0$

$\Rightarrow 2x - 3y - 2 + 9 = 0 \therefore 2x - 3y + 7 = 0$

## Topic 8 সরলরেখার শর্তাবলি (সমান্তরাল, লম্ব, সমরেখ, সমবিন্দু, একই সমতল, অন্তর্ভুক্ত কোণ, প্রতিবিম্ব, ইত্যাদি...)

- $a_1x + b_1y + c_1 = 0$ এবং $a_2x + b_2y + c_2 = 0$ রেখাদ্বয়-
  - ➤ একই সরলরেখা নির্দেশ করলে, $\frac{a_1}{a_2} = \frac{b_1}{b_2} = \frac{c_1}{c_2}$ হবে।
  - ➤ অন্তর্ভুক্ত কোণ $\theta$ হলে, $\tan\theta = \pm \frac{m_1 - m_2}{1 + m_1m_2} = \pm \frac{a_2b_1 - a_1b_2}{a_1a_2 + b_1b_2}$
  - ➤ সমান্তরাল হবে যখন, $\frac{a_1}{a_2} = \frac{b_1}{b_2}$ অথবা $m_1 = m_2$ হয়।
  - ➤ লম্ব হবে যখন, $a_1a_2 + b_1b_2 = 0$ অথবা $m_1m_2 = -1$ হয়।
- $a_1x + b_1y + c = 0,\ a_2x + b_2y + c_2 = 0,\ a_3x + b_3y + c_3 = 0$ রেখাত্রয় সমবিন্দু হওয়ার শর্ত: $\begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix} = 0$
- $(x_1, y_1)$ বিন্দু হতে $ax + by + c = 0$ রেখার উপর লম্ব দূরত্ব $d = \left|\frac{ax_1 + by_1 + c}{\sqrt{a^2 + b^2}}\right|$
- $ax + by + c_1 = 0$ এবং $ax + by + c_2 = 0$ সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব $= \left|\frac{c_1 - c_2}{\sqrt{a^2 + b^2}}\right|$

## Mathematical Problems

**01.** a এর কোন মানের জন্য $2x + 11y - 2 = 0$ এবং $ax - 4y - 6 = 0$ রেখা দুইটি পরস্পর লম্ব হবে?

Ⓐ 2 Ⓑ 12 Ⓒ 22 Ⓓ 32

Ans C Solve $2 \times a + 11 \times (-4) = 0 \Rightarrow a = 22$

**02.** a এর মান কত হলে $3x + 5y + 7 = 0$ ও $x - ay + 11 = 0$ রেখাদ্বয় পরস্পর সমান্তরাল হবে?

Ⓐ $\frac{3}{5}$ Ⓑ $-\frac{3}{5}$ Ⓒ $\frac{-5}{3}$ Ⓓ $\frac{5}{3}$

Ans C Solve $\frac{1}{3} = \frac{-a}{5} \therefore a = -\frac{5}{3}$

**03.** $3x + 5y = 2,\ 2x + 3y = 0,\ ax + by + 1 = 0$ সমবিন্দুগামী হলে, a এবং b এর সম্পর্ক-

Ⓐ $4a - 6b = 1$ Ⓑ $4a - 6b = 2$ Ⓒ $6a - 4b = 1$ Ⓓ $6a - 4b = 2$

Ans C Solve $\begin{vmatrix} 3 & 5 & 2 \\ 2 & 3 & 0 \\ a & b & -1 \end{vmatrix} = 0 \Rightarrow \begin{vmatrix} 3 + 2a & 5 + 2b & 0 \\ 2 & 3 & 0 \\ a & b & -1 \end{vmatrix} = 0$

$\Rightarrow 9 + 6a - 10 - 4b = 0 \therefore 6a - 4b = 1$

**04.** $3x + 4y + 2 = 0$ এবং $3x + 4y + 5 = 0$ সমান্তরাল সরলরেখাদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব কত?

Ⓐ $\frac{3}{5}$ Ⓑ $\frac{3}{25}$ Ⓒ 3 Ⓓ $\frac{5}{3}$

Ans A Solve মধ্যবর্তী দূরত্ব $= \left|\frac{5 - 2}{\sqrt{3^2 + 4^2}}\right| = \frac{3}{5}$


**05.** মূলবিন্দু হতে $3x - 4y + 5 = 0$ সরলরেখার লম্ব দূরত্ব কত?

Ⓐ 5 Ⓑ 1 Ⓒ 3 Ⓓ 4

Ans B Solve নির্ণেয় লম্ব দূরত্ব $= \left|\frac{5}{\sqrt{3^2 + (-4)^2}}\right| = \left|\frac{5}{5}\right| = 1$


## Topic 9 জেনে রাখা ভালো

- যেকোন অক্ষরেখার উপর অবস্থিত অপর অক্ষের স্থানাঙ্ক শূন্য। x-অক্ষের উপর অবস্থিত কোন বিন্দুর স্থানাঙ্ক (x, 0), y-অক্ষের উপর অবস্থিত কোন বিন্দুর স্থানাঙ্ক (0, y)। ❑ x-অক্ষ থেকে (x, y) বিন্দুটির দূরত্ব $= |y|$ এবং y-অক্ষ থেকে (x, y) বিন্দুটির দূরত্ব $= |x|$
- আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ।
- রম্বসের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ কর্ণদ্বয়ের গুণফল।
- বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = (বাহু)$^2$।
- সামান্তরিকের ক্ষেত্রফল = ভূমি × উচ্চতা = 2 × Δ ক্ষেত্র।
- ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ সমান্তরাল বাহুদ্বয়ের সমষ্টি × তাদের মধ্যবর্তী দূরত্ব।
- ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ভূমি × উচ্চতা $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$; যেখানে s = অর্ধপরিসীমা $= \frac{a + b + c}{2}$
- কোন সমকোণী ত্রিভুজের দুই বাহু সমান হলে, বাহু $= \frac{\text{অতিভুজ}}{\sqrt{2}}$





- বর্গক্ষেত্রের বাহু এবং কর্ণের মধ্যকার সম্পর্ক :

$\text{Side} = \frac{\text{Diagonal}}{\sqrt{2}}$





- কোন ত্রিভুজের সমান দুই বাহু (x) এর মধ্যবর্তী কোণ 120° হলে, তৃতীয় বাহু $= \sqrt{3}\,x$




- একটি সমকোণী ত্রিভুজের মধ্যবর্তী কোণগুলো 30°, 60°, 90° হলে, বাহুগুলো নিম্নরূপ: 30° এর বিপরীত বাহু = x, 90° এর বিপরীত বাহু = 2x

60° এর বিপরীত বাহু $= \sqrt{3}\,x$




- কোন বৃত্ত x বাহু বিশিষ্ট একটি সমবাহু ত্রিভুজের তিন কৌণিক বিন্দু দিয়ে গেলে, বৃত্তের ব্যাসার্ধ $= \frac{x}{\sqrt{3}}$



JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

# Part 2 কৃষি বিশ্ববিদ্যালয় সমূহের বিগত বছরের প্রশ্ন ও সমাধান

## গুচ্ছভুক্ত কৃষি বিশ্ববিদ্যালয়

**01.** একটি সামান্তরিকের দুইটি বাহু 10m ও 8m এবং তাদের অন্তর্গত কোণ 60° হলে সামান্তরিকটির ক্ষেত্রফল কত $m^2$? [Agri.Cluster : 22-23]

Ⓐ 40 Ⓑ $40\sqrt{3}$ Ⓒ 80 Ⓓ $80\sqrt{3}$

**Ans B Solve** সামান্তরিকের ক্ষেত্রফল $= 10 \times 8 \times \sin 60°$

$= 80 \times \frac{\sqrt{3}}{2} = 40\sqrt{3}$

**02.** M-ক্ষেত্রের উর্বরতা N-ক্ষেত্রের উর্বরতার দ্বিগুণ। M-ক্ষেত্রের একটি $800 \times 100\ m^2$ আয়তাকার ভূমি, N-ক্ষেত্রে সমান উৎপাদনশীল একটি বর্গাকার ভূমির সঙ্গে বিনিময় করতে হলে বর্গাকার ভূমির দৈর্ঘ্য কত m হতে হবে? [Agri.Cluster : 22-23]

Ⓐ 400 Ⓑ 450 Ⓒ 600 Ⓓ 900

**Ans A Solve** M এর ক্ষেত্রফল $= 800 \times 100\ m^2$

প্রশ্নমতে, N এর ক্ষেত্রফল $= 2 \times 800 \times 100\ m^2$

$= 160000\ m^2$

$= (400)^2\ m^2$

∴ বর্গাকার ক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য $= 400$ m

**03.** কোন রেখাটি $3y = \sqrt{3}x + 15$ রেখায় 15° কোণে অবনত? [Agri.Cluster : 22-23]

Ⓐ $\sqrt{3}y = 3x + 15$ Ⓑ $3y = 3x + 7$

Ⓒ $3y = \sqrt{3}x - 15$ Ⓓ $3y = 4x + 15$

**Ans B Solve** $3y = \sqrt{3}x + 15 \Rightarrow y = \frac{1}{\sqrt{3}}x + 5,\ m_2 = \frac{1}{\sqrt{3}}$

Option (B) হতে পাই, $3y = 3x + 7 \Rightarrow y = x + \frac{7}{3},\ m_1 = 1$

$$\tan\theta = \frac{1 - \frac{1}{\sqrt{3}}}{1 + \frac{1}{\sqrt{3}}} = \frac{\sqrt{3} - 1}{\sqrt{3} + 1} = 2 - \sqrt{3} = \tan 15° \therefore \theta = 15°$$

**Shortcut :** $\theta_2 = \tan^{-1}\frac{1}{\sqrt{3}} = 30°$

Option (B) হতে পাই, $\theta_1 = \tan^{-1}1 = 45°$

$\therefore \theta = \theta_1 - \theta_2 = 45° - 30° = 15°$

**04.** কোন রেখাটি x-অক্ষকে মূলবিন্দু থেকে 3 একক দূরত্বে ছেদ করে? [Agri.Cluster : 22-23]

Ⓐ $y = 2x - 6$ Ⓑ $y = 2x - 4$ Ⓒ $y = 3x + 6$ Ⓓ $y = 3x - 2$

**Ans A Solve** x অক্ষে $y = 0$


Option (A) হতে পাই, $y = 2x - 6 \Rightarrow 0 = 2x - 6 \Rightarrow x = 3$

**05.** $x - 2y = 6$ রেখাটি y-অক্ষের ধনাত্মক দিকের প্রতি কত কোণে অবনত? [Agri.Cluster : 22-23]

Ⓐ $\tan^{-1}(3)$ Ⓑ $\tan^{-1}(1)$

Ⓒ $\tan^{-1}(2)$ Ⓓ $\tan^{-1}(-2)$

**Ans C Solve**




$\tan^{-1}\frac{1}{2} + \theta = \frac{\pi}{2} = \tan^{-1}\frac{1}{2} + \cot^{-1}\frac{1}{2} \Rightarrow \theta = \cot^{-1}\frac{1}{2} \Rightarrow \theta = \tan^{-1}(2)$

**06.** কোন চতুর্থাংশে $x + y = 2$ এবং $x - y = 12$ রেখাদ্বয় পরস্পরকে ছেদ করে? [Agri.Cluster : 22-23]

Ⓐ I Ⓑ II Ⓒ III Ⓓ IV

**Ans D Solve** $x + y = 2 \ldots . (i)$

$x - y = 12 \ldots . (ii)$

(i) + (ii) $\Rightarrow 2x = 14 \therefore x = 7 \Rightarrow y = -5$

∴ ছেদবিন্দু $= (7, -5)$ যা চতুর্থ চতুর্ভাগে অবস্থিত।

**07.** কোনো বিন্দুর পোলার স্থানাঙ্ক $(2, 120°)$ হলে উহার কার্তেসীয় স্থানাঙ্ক- [Agri.Cluster : 22-23]

Ⓐ $(-1, \sqrt{3})$ Ⓑ $(-1, -\sqrt{3})$ Ⓒ $(1, \sqrt{3})$ Ⓓ $(\sqrt{3}, 1)$

**Ans A Solve** $(x, y) = (2\cos 120°, 2\sin 120°) = (-1, \sqrt{3})$

**08.** $x - \sqrt{3}y = 7$ হলে সরলরেখার ঢাল কত? [Agri.Cluster : 21-22]

Ⓐ $-\sqrt{3}$ Ⓑ $-\frac{1}{\sqrt{3}}$ Ⓒ $\frac{1}{\sqrt{3}}$ Ⓓ $\sqrt{3}$

**Ans C Solve** $x - \sqrt{3}y = 7 \Rightarrow \sqrt{3}y = x - 7$

$\Rightarrow y = \frac{1}{\sqrt{3}}x - \frac{7}{\sqrt{3}}$ এর ঢাল $= \frac{1}{\sqrt{3}}$

**09.** $4x - 3y + 12 = 0$ এবং $4x - 3y + 3 = 0$ সরলরেখা দুইটির মধ্যবর্তী দূরত্ব কত? [Agri.Cluster : 21-22]

Ⓐ $\frac{5}{9}$ একক Ⓑ $\frac{9}{5}$ একক Ⓒ $\frac{7}{5}$ একক Ⓓ $\frac{5}{7}$ একক

**Ans B Solve** মধ্যবর্তী দূরত্ব $= \left|\frac{12 - 3}{\sqrt{4^2 + 3^2}}\right| = \left|\frac{9}{5}\right| = \frac{9}{5}$ একক

**10.** $5x + 2y - 8 + 0$ রেখার উপর লম্ব রেখার ঢাল কত? [Agri.Cluster : 21-22]

Ⓐ $\frac{-5}{2}$ Ⓑ $\frac{-2}{5}$ Ⓒ $\frac{2}{5}$ Ⓓ $\frac{5}{2}$

**Ans Blank Solve** প্রশ্নটি সঠিক নয়, সঠিক সমীকরণ $5x + 2y - 8 = 0$ হবে।

তাহলে, $5x + 2y - 8 = 0 \Rightarrow y = -\frac{5}{2}x + 4$ এর ঢাল $= -\frac{5}{2}$

∴ এর লম্বের ঢাল $= \frac{2}{5}$

**11.** $\left(\sqrt{3}, \frac{\pi}{3}\right)$ বিন্দুটির কার্তেসীয় স্থানাঙ্ক কত হবে? [Agri.Cluster : 21-22]

Ⓐ $(3, \sqrt{3})$ Ⓑ $(2, \sqrt{2})$ Ⓒ $\left(\frac{2}{3}, \frac{2}{\sqrt{3}}\right)$ Ⓓ $\left(\frac{\sqrt{3}}{2}, \frac{3}{2}\right)$

**Ans D Solve** কার্তেসীয় স্থানাঙ্ক $\left(\sqrt{3}\cos\frac{\pi}{3}, \sqrt{3}\sin\frac{\pi}{3}\right)$

$= \left(\sqrt{3}.\frac{1}{2}, \sqrt{3}.\frac{\sqrt{3}}{2}\right) = \left(\frac{\sqrt{3}}{2}, \frac{3}{2}\right)$

**12.** $y = x + 4$ এবং $y = x$ রেখার লম্ব দূরত্ব কত? [Agri.Cluster : 20-21]

Ⓐ $\sqrt{2}$ একক Ⓑ $2\sqrt{2}$ একক Ⓒ $3\sqrt{2}$ একক Ⓓ $4\sqrt{2}$ একক

**Ans B Solve** $y = x + 4 \Rightarrow x - y + 4 = 0$

এবং $y = x \Rightarrow x - y + 0 = 0$

∴ রেখাদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব $= \left|\frac{4 - 0}{\sqrt{1^2 + (-1)^2}}\right| = \frac{4}{\sqrt{2}} = 2\sqrt{2}$ একক।

**13.** $y = 2$ এবং $2x - 2y + 3 = 0$ রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ কত? [Agri.Cluster : 20-21]


Ⓐ 30° Ⓑ 45° Ⓒ 0° Ⓓ 60°

**Ans B Solve** $2x - 2y - 3 = 0 \Rightarrow 2y = 2x + 3$

$\Rightarrow y = x + \frac{3}{2}$ এর ঢাল,

$\tan\theta = 1 \Rightarrow \theta = 45°$

∴ রেখাটি, x অক্ষ বা x অক্ষের সমান্তরাল রেখা $y = 2$ এর সাথে 45° কোণ উৎপন্ন করে। যা সূক্ষ্মকোণ।




Academic to Admission all Types of Preparation

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**14. $(x+5, 2y+1) = (2y+4, 3y)$ হলে, x এর মান কত?** [Agri.Cluster : 20-21]

Ⓐ $-1$ Ⓑ 0 Ⓒ 1 Ⓓ 2

**Solve** $2y+1 = 3y \Rightarrow 3y-2y = 1 \therefore y = 1$

$x+5 = 2y+4 \Rightarrow x+5 = 2+4 \Rightarrow x = 6-5 = 1$

**15. $2x+3y+6=0$ রেখার উপর লম্ব রেখার ঢাল কোনটি?** [Agri.Cluster : 19-20]

Ⓐ $\frac{2}{3}$ Ⓑ $-\frac{2}{3}$ Ⓒ $\frac{3}{2}$ Ⓓ $-\frac{3}{2}$

**Solve** $2x+3y+6=0 \Rightarrow y = -\frac{2}{3}x - 2$ এর ঢাল $= -\frac{2}{3}$,

রেখার লম্বরেখার ঢাল $= m$ হলে, $m \times (-\frac{2}{3}) = -1 \Rightarrow m = \frac{3}{2}$

**16. $3x+4y=12$ রেখাটি x-অক্ষকে A এবং y-অক্ষকে B বিন্দুতে ছেদ করে। AB এর দৈর্ঘ্য কোনটি?** [Agri.Cluster : 19-20]

Ⓐ 5 Ⓑ 4 Ⓒ 6 Ⓓ 8

**Solve** $3x+4y=12 \Rightarrow \frac{x}{4}+\frac{y}{3}=12$

$\therefore$ A (4, 0) এবং B (0, 3) $\therefore AB = \sqrt{4^2+3^2} = 5$


**17. $y=x$ এবং $2x+1=0$ রেখাদ্বয়ের অন্তর্গত কোণ কোনটি?** [Agri.Cluster : 19-20]

Ⓐ 0° Ⓑ 45° Ⓒ 30° Ⓓ 60°

**Solve** $y = x$

$\Rightarrow y = 1.x \Rightarrow \tan\theta = 1 \therefore \theta = 45°$

$\therefore y = x$ রেখা $2x+1=0$ রেখার সাথে 45° কোণ উৎপন্ন করে।




## বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়


**01. মূলবিন্দু থেকে $x\sin\alpha + y\cos\alpha = P$ রেখার উপর লম্ব অঙ্কিত হলো। এ লম্ব রেখাটি X অক্ষের ধনাত্মক দিকের সাথে যে কোণ উৎপন্ন করে তার মান কত?** [BAU : 18-19]

Ⓐ $\alpha$ Ⓑ $\frac{\pi}{2}-\alpha$ Ⓒ $\frac{\pi}{2}+\alpha$ Ⓓ $\pi+\alpha$

**Solve**

$x\sin\alpha + y\cos\alpha = P$

লম্বটি x অক্ষের সাথে $\alpha$ কোণ উৎপন্ন করে।




**02. কোন বিন্দুর কার্তেসিয় স্থানাঙ্ক $(-1, \sqrt{3})$ হলে বিন্দুটির পোলার স্থানাঙ্ক কত?** [BAU : 18-19]

Ⓐ $(2, \frac{\pi}{3})$ Ⓑ $(2, -\frac{\pi}{3})$ Ⓒ $(2, \frac{2\pi}{3})$ Ⓓ $(4, \frac{2\pi}{3})$

**Solve** $r = \sqrt{(-1)^2+(\sqrt{3})^2} = \sqrt{4} = 2$

এবং $\theta = \pi - \tan^{-1}(\sqrt{3}) = \pi - \frac{\pi}{3} = \frac{2\pi}{3}$

$\therefore$ পোলার স্থানাঙ্ক $(2, \frac{2\pi}{3})$

**03. A(2, 3), B(1, 5), C(3, 4) শীর্ষ বিশিষ্ট ত্রিভুজের ভরকেন্দ্র কোনটি?** [BAU : 17-18]

Ⓐ (1, 2) Ⓑ (1, 3) Ⓒ (2, 4) Ⓓ (4, 8)

**Solve** ভরকেন্দ্র $= \left(\frac{2+1+3}{3}, \frac{3+5+4}{3}\right) = (2, 4)$

**04. একটি ত্রিভুজের দুটি শীর্ষবিন্দু যথাক্রমে (2,7) এবং (6,1) এবং ভরকেন্দ্র (6,4) হলে তৃতীয় শীর্ষবিন্দুটি কত হবে?** [BAU : 16-17]

Ⓐ (4,10) Ⓑ (5,10) Ⓒ (10,4) Ⓓ (10,5)

**Solve** এখানে, তৃতীয় শীর্ষবিন্দু (x,y) হলে,

$6 = \frac{2+6+x}{3}$ এবং $4 = \frac{7+1+y}{3}$


$\Rightarrow 2+6+x = 18 \Rightarrow 8+y = 12 \Rightarrow x = 10 \therefore y = 4$

**05. সমকোণী ত্রিভুজের পরিকেন্দ্রের অবস্থান কোথায়?** [BAU : 16-17]

Ⓐ লম্বের উপর Ⓑ ভূমির উপর

Ⓒ অতিভুজের উপর Ⓓ কোনোটি নয়

**Solve**




**06. কোনো বিন্দুর কার্তেসিয়ান স্থানাঙ্ক (x, y) হলে পোলার স্থানাঙ্ক কোনটি?** [BAU : 15-16]

Ⓐ $\left(x^2+y^2, \frac{y}{x}\right)$ Ⓑ $\left(\sqrt{x^2+y^2}, \tan^{-1}\frac{y}{x}\right)$

Ⓒ $\left(x^2+y^2, \tan^{-1}\frac{x}{y}\right)$ Ⓓ $\sqrt{x^2+y^2}, \tan^{-1}\frac{y}{x}$

**Solve** পোলার স্থানাঙ্ক $\left(\sqrt{x^2+y^2}, \tan^{-1}\frac{y}{x}\right)$

**07. (3,5) এবং (5,4) বিন্দুগামী রেখার উপর লম্ব রেখার ঢালের মান কোনটি?** [BAU : 15-16]

Ⓐ $-1$ Ⓑ $\frac{1}{2}$ Ⓒ 1 Ⓓ 2

**Solve** রেখার ঢাল $= \frac{5-4}{3-5} = -\frac{1}{2} = -\frac{1}{2}$


লম্বরেখার ঢাল $= m$ হলে $\therefore m \times \left(-\frac{1}{2}\right) = -1 \Rightarrow m = 2$

**08. $ax+by-c=0$ সরলরেখাটি অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজটি উৎপন্ন করে তার ক্ষেত্রফল কত বর্গএকক?** [BAU : 15-16]

Ⓐ $\frac{c}{2ab}$ Ⓑ $\frac{c^2}{2ab}$ Ⓒ $\frac{c^2}{\sqrt{2ab}}$ Ⓓ $\frac{c}{ab}$

**Solve** $ax+by-c=0$

$\Rightarrow ax+by=c \Rightarrow \frac{x}{\left(\frac{c}{a}\right)} + \frac{y}{\left(\frac{c}{b}\right)} = 1$




ক্ষেত্রফল $= \frac{1}{2} \times \frac{c}{a} \times \frac{c}{b} = \frac{c^2}{2ab}$

**09. একটি সরলরেখা (0,3), (3,6) বিন্দু দিয়ে অতিক্রম করে, রেখাটি সমীকরণ কোনটি?** [BAU : 15-16]

Ⓐ $y+x+3=0$ Ⓑ $y-x-3=0$

Ⓒ $y-x+3=0$ Ⓓ $y+x-3=0$

**Solve** নির্ণেয় সমীকরণ, $\frac{y-3}{3-6} = \frac{x-0}{0-3}$

$\Rightarrow \frac{y-3}{-3} = \frac{x}{-3} \Rightarrow \frac{y-3}{1} = \frac{x}{1} \Rightarrow y-3 = x \Rightarrow y-x-3=0$

**10. $r = 4a\,\text{cosec}\theta\,\cot\theta$ পোলার সমীকরণটিকে কার্তেসীয় সমীকরণে রূপান্তরিত করলে কোনটি হবে?** [BAU : 14-15,12-13,SAU : 12-13,11-12,PSTU : 11-12]

Ⓐ $y^2 = 4ax$ Ⓑ $y^2+4ax=0$

Ⓒ $y^2 = 2ax$ Ⓓ $x^2+y^2-a^2$

**Solve** $r = 4a\,\text{cosec}\theta\,\cot\theta$

$\Rightarrow r = 4a\frac{1}{\sin\theta}\frac{\cos\theta}{\sin\theta} \Rightarrow r\sin^2\theta = 4a\cos\theta$

$\Rightarrow r^2\sin^2\theta = 4ar\cos\theta \Rightarrow (r\sin\theta)^2 = 4a(r\cos\theta) \Rightarrow y^2 = 4ax$

**11. একটি ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু যথাক্রমে (–3, 0), (3, 0) এবং (0, 6) হলে, উহার ভরকেন্দ্রের স্থানাঙ্ক কত?** [BAU : 14-15]

Ⓐ (0, 0) Ⓑ (0, 3) Ⓒ (0, 4) Ⓓ (0, 2)

**Solve** ভরকেন্দ্র $= \left(\frac{-3+3+0}{3}, \frac{0+0+6}{3}\right) = (0, 2)$

Academic Admission all Universities pdf collection

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

12. K বিন্দু (1, 0) ও y অক্ষ হতে সমান দূরত্বে থাকবে, এর সঞ্চার পথের সমীকরণ কোনটি? [BAU : 13-14]

Ⓐ $y^2+1=2y$ Ⓑ $y^2+1=2x$ Ⓒ $y^2-2x=1$ Ⓓ $y^2+2x=1$

**Ans B Solve** ধরি, K (x, y)

(1, 0) বিন্দু থেকে দূরত্ব $=\sqrt{(x-1)^2+y^2}$ অক্ষ হতে দূরত্ব $=|x|$

$\therefore x^2=(x-1)^2+y^2 \Rightarrow x^2=x^2-2x+1+y^2 \Rightarrow y^2+1=2x$

13. $x+2y=2$ সরলরেখাটি অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ উৎপন্ন করে তার ক্ষেত্রফল কত? [BAU : 13-14]

Ⓐ $\frac{1}{2}$ বর্গ একক Ⓑ 1 বর্গ একক Ⓒ 2 বর্গ একক Ⓓ 3 বর্গ একক

**Ans B Solve** $x+2y=2 \Rightarrow \frac{x}{2}+\frac{y}{1}=0$

$\therefore$ ক্ষেত্রফল $=\frac{1}{2}xy=\frac{1}{2}\times 2\times 1=1$ বর্গ একক

14. $x^3-Px^2y+y^2=0$ সঞ্চারপথটি (1, 1) বিন্দুগামী হলে P-এর মান কোনটি? [BAU : 12-13]

Ⓐ 1 Ⓑ 2 Ⓒ 3 Ⓓ –2

**Ans B Solve** $x^3-Px^2y+y^2=0$ সঞ্চারপথটি (1,1) বিন্দুগামী হলে,

$1-P+1=0 \Rightarrow -P+2=0 \Rightarrow P=2$

15. $y+3x=1$ এবং $x-3y+6=0$ রেখাদ্বয়ের মধ্যবর্তী কোণ কত? [BAU : 12-13]

Ⓐ 0° Ⓑ 45° Ⓒ 90° Ⓓ 60°

**Ans C Solve** $y=-3x+1$ ..... (i)

$3y=x+6 \Rightarrow y=\frac{x}{3}+2$ ..... (ii)

$\therefore$ ঢালদ্বয়ের গুণফল $=-3.\frac{1}{3}=-1 \therefore \theta=90°$

16. $3x+4y=7$ সরল রেখাটির ঢাল কত? [BAU : 11-12]

Ⓐ $\frac{3}{4}$ Ⓑ $\frac{-4}{3}$ Ⓒ $\frac{-3}{4}$ Ⓓ $\frac{7}{3}$

**Ans C Solve** $3x+4y=7$

$\Rightarrow 4y=-3x+7 \Rightarrow y=-\frac{3}{4}x+\frac{7}{4} \therefore$ ঢাল $=-\frac{3}{4}$

17. যে সরলরেখা অক্ষদ্বয়কে (2,2) বিন্দুতে সমদ্বিখণ্ডিত করে তার সমীকরণ কোনটি? [BAU : 11-12, 08-09]

Ⓐ $x-y=2$ Ⓑ $x-y=4$ Ⓒ $x+y=4$ Ⓓ $x+y=2$

**Ans C Solve** Option Test $\because 2+2=4$

18. $4x-5y+20=0$ রেখাটির x ও y অক্ষের ছেদক অংশ কোনটি? [BAU : 11-12]

Ⓐ –5, 4 Ⓑ 5, 4 Ⓒ –4, 5 Ⓓ –4, –5

**Ans A Solve** $4x-5y+20=0 \Rightarrow 4x-5y=-20$

$\Rightarrow \frac{x}{-5}+\frac{y}{4}=1 \therefore$ x ও y এর ছেদাংশ $=-5, 4$

19. $x=0$, $y=0$ এবং $x+y-2=0$ রেখা তিনটি দ্বারা উৎপন্ন ত্রিভুজের ক্ষেত্রফল কোনটি? [BAU : 11-12]

Ⓐ 4 বর্গ একক Ⓑ 2 বর্গ একক Ⓒ 1 বর্গ একক Ⓓ $\frac{1}{2}$ বর্গ একক

**Ans B Solve** ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু, (0, 0), (2, 0) ও (0, 2)

$x+y-2=0 \Rightarrow \frac{x}{2}+\frac{y}{2}=1 \quad \therefore \Delta=\frac{1}{2}.2.2=2$ বর্গ একক

20. $x+y=2$ সরল রেখাটি অক্ষদ্বয়কে যে বিন্দুতে সমদ্বিখণ্ডিত করে তার স্থানাঙ্ক কোনটি? [BAU : 11-12,10-11]

Ⓐ (1, 1) Ⓑ (1, –1) Ⓒ (2, 2) Ⓓ (1, 2)

**Ans A Solve** $x+y=2 \Rightarrow \frac{x}{2}+\frac{y}{2}=1$

সরলরেখার অক্ষদ্বয়ের ছেদবিন্দুর স্থানাঙ্ক (2,0) ও (0, 2)

$\therefore$ মধ্যবিন্দুর স্থানাঙ্ক (1, 1)

21. $2x-y+7=0$ রেখাটি $3x+ky-5=0$ রেখার উপর লম্ব হলে k এর মান কত হবে? [BAU : 10-11, 00-01]

Ⓐ 3 Ⓑ –6 Ⓒ 5 Ⓓ 6

**Ans D Solve** $a_1a_2+b_1b_2=0 \Rightarrow 2\times 3-1\times k=0 \Rightarrow k=6$

22. কোনো সমতলের একটি বিন্দু এমনভাবে চলাচল করে যেন কোনো নির্দিষ্ট স্থির বিন্দু হতে এর দূরত্ব এবং কোনো নির্দিষ্ট সরল রেখা হতে এর লম্ব দূরত্ব সর্বদা সমান। বিন্দুটি সঞ্চারপথ একটি – [BAU : 10-11]

Ⓐ সরল রেখা Ⓑ বৃত্ত
Ⓒ প্যারাবোলা Ⓓ উপবৃত্ত

**Ans C**

23. (2, 3) বিন্দু থেকে x অক্ষের লম্ব দূরত্ব কত? [BAU : 10-11]

Ⓐ 5 Ⓑ $\sqrt{13}$ Ⓒ 2 Ⓓ 3

**Ans D Solve** x অক্ষ বলা থাকলে লম্ব দূরত্ব হবে ঠিক y অক্ষ হতে

$d=\sqrt{3^2}=3$

24. $x-3y=0$ সরলরেখাটি x-অক্ষের যে বিন্দুতে মিলিত হয় তার স্থানাঙ্ক হল– [BAU : 09-10]

Ⓐ (3, 0) Ⓑ (–3, 0) Ⓒ (0, 0) Ⓓ (1, 0)

**Ans C Solve** $x-3y=0$ সরল রেখাটি x অক্ষের যে বিন্দুতে মিলিত হয় তার স্থানাঙ্ক (0, 0)। কারণ $y=mx$ রেখা মূলবিন্দুগামী।

25. যে বিন্দুর পোলার স্থানাঙ্ক $\left(-1, \frac{\pi}{4}\right)$ তার কার্তেসীয় স্থানাঙ্ক কত? [BAU : 09-10]

Ⓐ $\left(-\frac{1}{\sqrt{2}}, -\frac{1}{\sqrt{2}}\right)$ Ⓑ $\left(\frac{1}{\sqrt{2}}, \frac{1}{\sqrt{2}}\right)$

Ⓒ $\left(\frac{1}{\sqrt{2}}, -\frac{1}{\sqrt{2}}\right)$ Ⓓ কোনোটিই নয়

**Ans A Solve** $(r\cos\theta, r\sin\theta) = (-1\cos 45°, -1\sin 45°)$

$= \left(-\frac{1}{\sqrt{2}}, -\frac{1}{\sqrt{2}}\right)$

26. $x^2+y^2=a^2$ কে পোলার স্থানাঙ্কে রূপান্তরিত করলে কোনটি হবে? [BAU : 09-10,06-07]

Ⓐ $r=a^2$ Ⓑ $r=a$
Ⓒ $r=a\sin\alpha$ Ⓓ $r=a\cos\theta$

**Ans B Solve** $x^2+y^2=a^2 \Rightarrow r^2=a^2 \Rightarrow r=a$

27. $x-2y-3=0$ এবং $2x+y-15=0$ সরলরেখা দুটি পরস্পর– [BAU : 09-10]

Ⓐ সমান্তরাল Ⓑ লম্ব
Ⓒ একই সরলরেখা Ⓓ কোনোটিই নয়

**Ans B Solve** $x-2y-3=0$ রেখার ঢাল, $m_1=\frac{1}{2}$

$2x+y-15=0$ রেখার ঢাল, $m_2=-2$

$\therefore m_1m_2=-2\times\left(\frac{1}{2}\right)=-1$

$\therefore$ সরলরেখাদ্বয় পরস্পর লম্ব।

**Shortcut:** $1\times 2+(-2)\times 1=2-2=0$

$\therefore$ পরস্পর লম্ব।

28. $3x+4y-12=0$ রেখাটি অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ উৎপন্ন করে তার ক্ষেত্রফল কত? [BAU : 08-09, 00-01; SylAU : 15-16]

Ⓐ 12 বর্গ একক Ⓑ 24 বর্গ একক
Ⓒ 8 বর্গ একক Ⓓ 6 বর্গ একক

**Ans D Solve** $3x+4y-12=0$

$\Rightarrow 3x+4y=12 \therefore \frac{x}{4}+\frac{y}{3}=1$

$\therefore$ ক্ষেত্রফল $=\frac{1}{2}\times 4\times 3$ বর্গ একক $=6$ বর্গ একক

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**29.** $5x - 2y - 6 = 0$ সরল রেখার সমান্তরাল এবং (2, 4) বিন্দু দিয়ে গমনকারী সরল রেখার সমীকরণ-[BAU : 08-09]

Ⓐ $5x - 2y = 2$ Ⓑ $5x - 2y = 3$ Ⓒ $2y - 5x = 2$ Ⓓ $2y - 5x = 3$

**Ans A Solve** $5(x-2) - 2(y-4) = 0 \Rightarrow 5x - 10 - 2y + 8 = 0$

$\therefore 5x - 2y = 2$

**30.** একটি সমরূপ সমদ্বিবাহু ত্রিভূজাকৃতি পাতের সমান বাহুদ্বয়ের দৈর্ঘ্য 5 ফুট এবং ভূমির দৈর্ঘ্য 4 ফুট হলে ভূমি হতে ভর কেন্দ্রের দূরত্ব? [BAU : 08-09]

Ⓐ 1 ফুট Ⓑ 2 ফুট Ⓒ 1.52 ফুট Ⓓ 5 ফুট

**Ans C Solve** $\sqrt{5^2 - \left(\frac{4}{2}\right)^2} = \sqrt{21}$

$\therefore$ ভরকেন্দ্রের দূরত্ব $= \frac{\sqrt{21}}{3} = 1.52$ ফুট

**31.** $2x + 5y + 10 = 0$ সরলরেখা Y-axis কে কোন বিন্দুতে ছেদ করে? [BAU : 07-08]

Ⓐ (0,2) Ⓑ (0,– 2) Ⓒ (2,0) Ⓓ (– 2,0)

**Ans B Solve** Y-অক্ষকে ছেদ করলে, $x = 0$ হয়,

সুতরাং, $0 + 5y + 10 = 0 \Rightarrow 5y = -10 \therefore y = -2$

$\therefore$ ছেদ বিন্দু $(0, -2)$

**32.** $2x + 3y - 20 = 0$ এবং $y = 5$ রেখাদ্বয়ের অন্তর্গত কোণ কোনটি? [BAU : 07-08]

Ⓐ $\tan^{-1}\left(-\frac{2}{3}\right)$ Ⓑ $\tan^{-1}\frac{2}{3}$ Ⓒ $\tan^{-1}\frac{3}{2}$ Ⓓ কোনোটিই নয়

**Ans A Solve** ১ম রেখার ক্ষেত্রে, $m_1 = -\frac{2}{3}$

২য় রেখার ক্ষেত্রে, $m_2 = 0$

$\therefore \theta = \tan^{-1}\frac{m_1 + m_2}{1 - m_1 m_2} = \tan^{-1}\frac{-\frac{2}{3}}{1} = \tan^{-1}\frac{-2}{3}$

**33.** $5x + 4y - 6 = 0$ এবং $10x + ky + 9 = 0$ রেখা দুটি এর কোন মানের জন্য পরস্পর সমান্তরাল হবে? [BAU : 07-08]

Ⓐ 11 Ⓑ 10 Ⓒ 9 Ⓓ 8

**Ans D Solve** $\frac{5}{10} = \frac{4}{k} \Rightarrow 5k = 40 \therefore k = 8$

**34.** (k, 2) (0, 5) এবং (2 – k, 3) বিন্দুত্রয় সমরেখ হলে k এর মান কত? [BAU : 07-08]

Ⓐ –13 Ⓑ $\frac{6}{5}$ Ⓒ –9 Ⓓ –19

**Ans B Solve** $\begin{vmatrix} k & 2 & 1 \\ 0 & 5 & 1 \\ 2-k & 3 & 1 \end{vmatrix} = 0$

$\Rightarrow k(5-3) - 2(0 - 2 + k) + 1(0 - 10 + 5k) = 0$

$\Rightarrow 5k - 6 = 0 \Rightarrow k = \frac{6}{5}$

**35.** (0, 0), (0, 8) ও (4, 0) একটি ত্রিভূজের তিনটি শীর্ষ বিন্দু। ত্রিভূজটির পরিবৃত্তের কেন্দ্রের স্থানাঙ্ক কত? [BAU : 07-08]

Ⓐ (2,3) Ⓑ (2,4) Ⓒ (2,6) Ⓓ কোনোটিই নয়

**Ans B Solve** $\therefore$ পরিকেন্দ্র (2,4)

**36.** (–1, –2) এবং (4, –3) বিন্দুগামী সরল রেখা X অক্ষের ধনাত্মক দিকের সাথে যে কোণ উৎপন্ন করে তা হল -[BAU : 06-07]

Ⓐ 45° Ⓑ 135° Ⓒ 90° Ⓓ কোনোটিই নয়

**Ans D Solve** $\theta = \tan^{-1}\left(\frac{-2+3}{-1-4}\right) = -11.30° = 178.7°$

**37.** যে সরলরেখা অক্ষদ্বয়কে (1, 1) বিন্দুতে সমদ্বিখণ্ডিত করে তার সমীকরণ কোনটি? [BAU : 06-07]

Ⓐ $x + y = 2$ Ⓑ $x + y = 1$ Ⓒ $x - y = 2$ Ⓓ $x - y = 1$

**Ans A Solve** Option test করে, $1 + 1 = 2 \Rightarrow 2 = 2$

**38.** $x - 2y - 3 = 0$ এবং $2x + y + 5 = 0$ সরলরেখা দুটি পরস্পর-[BAU : 06-07]

Ⓐ একই সরলরেখা Ⓑ সমান্তরাল Ⓒ লম্ব Ⓓ কোনোটিই নয়

**Ans C Solve** $x - 2y - 3 = 0$ সমীকরণে; $m_1 = 2$

$2x + y + 5 = 0$ সমীকরণে; $m_2 = -\frac{1}{2} \therefore m_1 m_2 = 2 \times \left(-\frac{1}{2}\right) = -1$

$\therefore$ সমীকরণদ্বয় পরস্পর লম্ব।

**39.** $r = a\cos\theta$ কার্তেসীয় স্থানাঙ্কে রূপান্তরিত করলে কোনটি হবে? [BAU : 06-07]

Ⓐ $x^2 + y^2 = ax$ Ⓑ $x^2 + y^2 = a^2$ Ⓒ $xy = a^2$ Ⓓ $x^2 + y^2 + ax = 0$

**Ans A Solve** $r = a\cos\theta \Rightarrow r^2 = a\, r\cos\theta \therefore x^2 + y^2 = ax$

**40.** যে বিন্দুর পোলার স্থানাঙ্ক (2,330°) তার কার্তেসীয় স্থানাঙ্ক কোনটি? [BAU : 06-07,SAU : 11-12,08-09]

Ⓐ $\left(-\sqrt{3}, 1\right)$ Ⓑ $\left(\sqrt{3}, -1\right)$ Ⓒ $\left(-\sqrt{3}, -1\right)$ Ⓓ কোনোটিই নয়

**Ans B Solve** $x = 2\cos 330° = \sqrt{3}$ এবং $y = 2\sin 330° = -1$

$\therefore$ কার্তেসীয় স্থানাঙ্ক $(\sqrt{3}, -1)$

**41.** $3x + 2y = 6$ রেখাটি x অক্ষকে যে বিন্দুতে ছেদ করে তার স্থানাঙ্ক হলো-[BAU : 06-07]

Ⓐ (2,3) Ⓑ (3,0) Ⓒ (2,0) Ⓓ (4,0)

**Ans C Solve** যেহেতু $3x + 2y = 6$ রেখাটি x অক্ষকে ছেদ করে,

সুতরাং, $y = 0 \therefore 3x + 0 = 6 \therefore x = 2$

$\therefore$ ছেদ বিন্দুর স্থানাঙ্ক $\equiv (2, 0)$

**42.** $y = mx + 6$ এবং $y = 3x + 10$ সরলরেখা দুটি সমান্তরাল হলে m এর মান কত? [BAU : 06-07,JGVC : 13-14]

Ⓐ $m = 0$ Ⓑ $m = 2$ Ⓒ $m = 6$ Ⓓ $m = 3$

**Ans D Solve** যেহেতু $y = mx + 6$ রেখা ও $y = 3x + 10$ রেখাদ্বয় পরস্পর সমান্তরাল, তাই ঢালদ্বয় পরস্পর সমান হবে। $\therefore m = 3$

**43.** $\Delta ABC$ এর লম্বকেন্দ্র O হলে কোণ BOC এর মান কত? [BAU : 06-07]


Ⓐ 2A Ⓑ $\pi - A$ Ⓒ $\frac{\pi}{2} + A$ Ⓓ $\frac{\pi}{2} - A$

**Ans B Solve**

ABC ত্রিভুজের লম্বকেন্দ্র O.

$\therefore \angle BOC = \angle ODC + \angle OCD$

$= \frac{\pi}{2} + \left(\frac{\pi}{2} - A\right) = \pi - A$




**44.** $x + y = 0$ এবং $x - y = 0$ রেখাদ্বয়ের মধ্যবর্তী কোণটি কত? [BAU : 05-06,SAU : 09-10 ,CVASU : 13-14]

Ⓐ 0° Ⓑ 90° Ⓒ 45° Ⓓ 60°

**Ans B Solve** $1 \times 1 + 1 \times (-1) = 1 - 1 = 0 \therefore$ মধ্যবর্তী কোণ $= 90°$

**45.** $x - y - 7 = 0$ সরল রেখাটির অক্ষদ্বয়ের মধ্যবর্তী ছেদাংশের মধ্যবিন্দুর স্থানাঙ্ক কোনটি? [BAU : 05-06]

Ⓐ $\left(\frac{7}{2}, \frac{-7}{2}\right)$ Ⓑ $\left(\frac{-7}{2}, \frac{7}{2}\right)$ Ⓒ $\left(\frac{-7}{2}, \frac{-7}{2}\right)$ Ⓓ $\left(\frac{7}{2}, \frac{7}{2}\right)$

**Ans A Solve** $x - y - 7 = 0 \Rightarrow x - y = 7 \Rightarrow \frac{x}{7} - \frac{y}{7} = 1$

$\therefore$ অক্ষদ্বয়কে ছেদকারী বিন্দুর স্থানাঙ্ক (7, 0), (0, –7)

সুতরাং মধ্যবিন্দু $\left(\frac{7}{2}, \frac{-7}{2}\right)$

**46.** কোনো বিন্দুর কার্তেসীয় স্থানাঙ্ক $(3, \sqrt{3})$ হলে পোলার স্থানাঙ্ক কত? [BAU : 05-06]

Ⓐ $\left(\sqrt{3}, \frac{\pi}{6}\right)$ Ⓑ $\left(2\sqrt{3}, \frac{\pi}{6}\right)$ Ⓒ $\left(\frac{\pi}{6}, 2\sqrt{3}\right)$ Ⓓ কোনোটিই নয়

**Ans B Solve** $\sqrt{(3)^2 + \left(\sqrt{3}\right)^2} = \sqrt{9+3} = \sqrt{12} = 2\sqrt{3}$

$\tan\theta = \frac{\sqrt{3}}{3} \therefore \theta = \tan^{-1}\frac{1}{\sqrt{3}} = \frac{\pi}{6}$

**47. $3x - 4y + 3 = 0,\ 5x + 2y - 3 = 0$ রেখাদ্বয়ের মধ্যবর্তী কোণের সমদ্বিখণ্ডকদ্বয়ের অন্তর্গত কোণ কত?** [BAU : 05-06]

Ⓐ $30°$ Ⓑ $\tan^{-1}\frac{5}{4}$ Ⓒ $60°$ Ⓓ $90°$

**Ans (D) Solve** যেকোন দুটি সরলরেখার মধ্যবর্তী কোণদ্বয়ের সমদ্বিখণ্ডকদ্বয়ের অন্তর্গত কোণ $= 90°$

**48. $\Delta ABC$ এর B বিন্দুর স্থানাঙ্ক (2, 3) এবং C বিন্দুর স্থানাঙ্ক (5,6)। AB এবং AC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে D এবং E হলে DE রেখার ঢালের মান হবে কোনটি?** [BAU : 05-06]

Ⓐ 1 Ⓑ $\tan^{-1}(1)$ Ⓒ $-1$ Ⓓ 0

**Ans (A) Solve** DE বাহুর ঢাল হবে BC বাহুর ঢালের সমান।

BC বাহুর ঢাল $= \frac{6-3}{5-2} = \frac{3}{3} = 1$

**49. (2, –3) বিন্দুটি কোন চতুর্ভাগে অবস্থিত?** [BAU : 05-06]

Ⓐ প্রথম চতুর্ভাগে Ⓑ দ্বিতীয় চতুর্ভাগে Ⓒ তৃতীয় চতুর্ভাগে Ⓓ চতুর্থ চতুর্ভাগে

**Ans (D) Solve** চতুর্থ চতুভার্গে থাকে (+, –)

**50. $x = 0, y = 0$ এবং $x + y = 1$ রেখা তিনটি দ্বারা উৎপন্ন ত্রিভুজটি হবে-** [BAU : 05-06]

Ⓐ সমকোণী Ⓑ স্থূলকোণী Ⓒ বিষমবাহু Ⓓ কোনোটিই নয়

**Ans (A) Solve** $x = 0$, $y = 0$, রেখা দুইটি পরস্পর লম্ব।

**51. $3x - 4y - 12 = 0$ দ্বারা সূচীত সরলরেখার ঢালের মান কত?** [BAU : 04-05,SAU : 15-16,06-07]

Ⓐ 12 Ⓑ $\frac{4}{3}$ Ⓒ $\frac{3}{4}$ Ⓓ কোনোটিই নয়

**Ans (C) Solve** $3x - 4y - 12 = 0 \Rightarrow y = \frac{3}{4}x - 4 \quad \therefore$ ঢাল $= \frac{3}{4}$

**52. যে সরলরেখা অক্ষদ্বয়ের মধ্যবিন্দুকে (1, 5) বিন্দুতে সমদ্বিখন্ডিত করে সে সরলরেখার সমীকরণ হবে কোনটি?** [BAU : 04-05]

Ⓐ $5x + y = 10$ Ⓑ $x + 5y = 10$
Ⓒ $5x - y = 10$ Ⓓ কোনোটিই নয় **Ans (A)**

**53. (–1, 2) এবং (4, –3) বিন্দুগামী সরলরেখা x অক্ষের যোগবোধক দিকের সাথে যে কোণ উৎপন্ন করে তা হলো-** [BAU : 04-05]

Ⓐ $135°$ Ⓑ $45°$ Ⓒ $90°$ Ⓓ কোনোটিই নয়

**Ans (A) Solve** $\tan\theta = \frac{-3-2}{4+1} = -1 = \tan 135° \therefore \theta = 135°$

**54. $5x - 7y - 9 = 0$ সরলরেখা দ্বারা Y অক্ষ হতে খন্ডিত অংশের মান কত হবে?** [BAU : 04-05]

Ⓐ $\frac{7}{9}$ Ⓑ $\frac{-9}{7}$ Ⓒ $\frac{9}{7}$ Ⓓ $\frac{7}{9}$

**Ans (B) Solve** $5x - 7y - 9 = 0 \Rightarrow 5x - 7y = 9 \Rightarrow \frac{x}{\frac{9}{5}} + \frac{y}{\frac{9}{-7}} = 1$


$\therefore$ সরলরেখাটি দ্বারা x অক্ষ দ্বারা খন্ডিত অংশের দৈর্ঘ্য $\frac{9}{5}$ ও y অক্ষ দ্বারা খন্ডিত অংশের দৈর্ঘ্য $-\frac{9}{7}$

**55. $\Delta ABC$ এর I অন্তঃকেন্দ্র হলে $\angle BIC$ এর মান কত?** [BAU : 04-05]

Ⓐ $\frac{\pi}{2} - A$ Ⓑ $\frac{\pi}{2} + \frac{A}{2}$ Ⓒ $\frac{\pi}{2} + B$ Ⓓ $\frac{\pi}{2} + C$

**Ans (B) Solve**

$$\angle BIC = \pi - \left(\frac{B}{2} + \frac{C}{2}\right)$$
$$= \pi - \left(\frac{A}{2} + \frac{B}{2} + \frac{C}{2} - \frac{A}{2}\right)$$
$$= \pi - \left(\frac{\pi}{2} - \frac{A}{2}\right) = \frac{\pi}{2} + \frac{A}{2}$$




**56. (1,2) এবং (3,4) বিন্দুদ্বয়ের সংযোজক রেখা ও উহার লম্বদ্বিখণ্ডকের ছেদবিন্দুর স্থানাঙ্ক কোনটি?** [BAU : 03-04]


Ⓐ (2,1) Ⓑ (2,3) Ⓒ (3,2) Ⓓ (2,2)

**Ans (B) Solve** (1, 2) ও (3, 4) বিন্দুদ্বয়ের সংযোজক রেখা ও উহার লম্বদ্বিখণ্ডকের ছেদ বিন্দুর স্থানাঙ্ক $\equiv \left(\frac{1+3}{2}, \frac{2+4}{2}\right) = (2, 3)$

**57. $x = -2,\ x = 2,\ y = 5$ এবং $y = 9$ রেখা চারটি দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল কত?** [BAU : 03-04]

Ⓐ 4 বর্গ একক Ⓑ 14 বর্গ একক Ⓒ 18 বর্গ একক Ⓓ 16 বর্গ একক

**Ans (D) Solve** $AB = 9 - 5 = 4$
$AD = 2 - (-2) = 4$




বর্গক্ষেত্রের ক্ষেত্রফল $= 4^2 = 16$ বর্গএকক। সুতরাং ABCD একটি বর্গক্ষেত্র যার ক্ষেত্রফল $= (4)^2 = 16$ বর্গ একক।

**58. $3x + 4y = 12$ সরলরেখা দ্বারা অক্ষদ্বয়ের মধ্যবর্তী খন্ডিত অংশের মান কত?** [BAU : 03-04,01-02,SAU : 05-06]

Ⓐ 5 একক Ⓑ 4 একক Ⓒ 3 একক Ⓓ 12 একক

**Ans (A) Solve** মধ্যবর্তী খণ্ডিত অংশের মান $= \sqrt{4^2 + 3^2} = 5$ একক।

**59. (4, 3) (8, 6) এবং (0, 0) বিন্দুত্রয় যোগ করলে-** [BAU : 03-04,01-02]

Ⓐ সমকোণী ত্রিভুজ হয় Ⓑ স্থূলকোণী ত্রিভুজ হয় Ⓒ বৃত্ত হয় Ⓓ সরল রেখা হয়

**Ans (D) Solve** ক্ষেত্রফল $= \frac{1}{2}\{4(6-0) + 8(0-3) + 0(3-6)\}$
$= \frac{1}{2}(24 - 24) = 0$

যেহেতু বিন্দুত্রয় দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল শূন্য তাই বিন্দু গুলো একই সরল রেখাতে অবস্থিত।

**60. $y = \sqrt{3}(x + 1)$ সরলরেখাটি x অক্ষের ধনাত্মক দিকের সাথে যে কোণ উৎপন্ন করে তা হলো-** [BAU : 03-04]

Ⓐ $60°$ Ⓑ $120°$ Ⓒ $-60°$ Ⓓ $\tan 60°$

**Ans (A) Solve** $y = \sqrt{3}x + \sqrt{3}$ ..... (i)

(i) নং কে $y = mx + c$ সরল রেখার সাথে তুলনা করে পাই।

$m = \sqrt{3}$ or, $\tan\theta = \sqrt{3} \Rightarrow \tan\theta = \tan 60° \therefore \theta = 60°$

**61. অক্ষদ্বয়ের সাথে $x + 4y - 12 = 0$ দ্বারা খন্ডিত ত্রিভুজের ক্ষেত্রফল কোনটি?** [BAU : 03-04]

Ⓐ 3 বর্গ একক Ⓑ 4 বর্গ একক Ⓒ 18 বর্গ একক Ⓓ 5 বর্গ একক

**Ans (C) Solve** $x + 4y - 12 = 0 \Rightarrow \frac{x}{12} + \frac{y}{3} = 1$

$\therefore$ ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times 12 \times 3 = 18$ বর্গ একক।

**62. $x - y + 5 = 0,\ x + y - 1 = 0$ এবং $kx - y + 13 = 0$ রেখাত্রয় একই বিন্দুগামী হলে k এর মান কত?** [BAU : 03-04]

Ⓐ 3 Ⓑ 5 Ⓒ 2 Ⓓ 1

**Ans (B) Solve**
$x - y + 5 = 0$ ..... (i)
$x + y - 1 = 0$ ..... (ii)
$kx - y + 13 = 0$ ..... (iii)

(i) ও (ii) সমাধান করে পাই। $x = -2;\ y = 3$

x ও y এর মান (iii) নং এ বসিয়ে পাই। $-2k - 3 + 13 = 0 \therefore k = 5$

Academic Admission all types of preparation

# MEDISTRY

## COLLECTION

**You'll find here everything Exactly What You Need.**

Join to our Channel to find Academic to Admission preparation

(Medical, Dental, Varsity & Engineering) All types of pdf.

**63. $ax + by + c = 0$ এবং $a_1x + b_1y + c_1 = 0$ রেখাদ্বয় পরস্পরের উপর লম্ব হলে নিম্নের কোনটি সত্য?** [BAU : 03-04]

Ⓐ $ab_1 - a_1b = 0$ Ⓑ $ab - a_1b_1 = 0$
Ⓒ $aa_1 + bb_1 = 0$ Ⓓ $aa_1 - bb_1 = 0$

**Ans C Solve** সরল রেখাদ্বয় পরস্পর লম্ব হলে, $aa_1 + bb_1 = 0$


সমান্তরাল হলে $\frac{a}{a_1} = \frac{b}{b_1}$

**64. ABC ত্রিভুজের B বিন্দুর স্থানাঙ্ক (5, 9) এবং C বিন্দুর স্থানাঙ্ক (6, 8). AB এবং AC বাহুর মধ্যবিন্দু D এবং E হলে DE এর দৈর্ঘ্য কত?** [BAU : 03-04]

Ⓐ $\sqrt{2}$ একক Ⓑ $\frac{1}{\sqrt{2}}$ একক Ⓒ $2\sqrt{2}$ একক Ⓓ $\frac{1}{2\sqrt{2}}$ একক

**Ans B Solve**

$BC = \sqrt{(5-6)^2 + (9-8)^2}$
$= \sqrt{1+1}$
$= \sqrt{2}$




যেহেতু AB ও AC এর মধ্যবিন্দু যথাক্রমে D ও E তাই

$DE = \frac{1}{2}BC = \frac{1}{2} \times \sqrt{2} = \frac{\sqrt{2}}{\sqrt{2} \times \sqrt{2}} = \frac{1}{\sqrt{2}}$ একক

**65. $3x + 4y + 5 = 0$ রেখার 5 একক দূরবর্তী সমান্তরাল রেখার সমীকরণ কোনটি?** [BAU : 02-03]

Ⓐ $3x + 4y + 20 = 0$ Ⓑ $3x + 4y = 25$
Ⓒ $3x + 4y + 30 = 0$ Ⓓ $3x + 4y - 30 = 0$

**Ans C Solve** $3x + 4y + 5 \pm 5\sqrt{3^2 + 4^2} = 0$
$\Rightarrow 3x + 4y + 5 \pm 25 = 0$
$\therefore 3x + 4y + 30 = 0$ অথবা $3x + 4y - 20 = 0$

**66. $y = x + 1$, $y = 2(x + 1)$ এবং $y = mx + 3$ রেখাত্রয় সমবিন্দু হলে m এর মান কত?** [BAU : 02-03]

Ⓐ 3 Ⓑ –3 Ⓒ 2 Ⓓ কোনোটিই নয়

**Ans A Solve** $\begin{vmatrix} 1 & -1 & 1 \\ 2 & -1 & 2 \\ m & -1 & 3 \end{vmatrix} = 0$
$\Rightarrow 1(-3+2) + 1(6-2m) + 1(-2+m) = 0$
$\Rightarrow -1 + 6 - 2m - 2 + m = 0$
$\Rightarrow -m = -3 \therefore m = 3$

**67. $5x - 5y\sqrt{3} + 2 = 0$ এবং $3x\sqrt{3} + 3y - 4 = 0$ সরল রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ কত?** [BAU : 02-03, SAU : 14-15]

Ⓐ 45° Ⓑ 60°
Ⓒ 0° Ⓓ 90°

**Ans D Solve** $5 \times 3\sqrt{3} + (-5\sqrt{3}) \times 3 = 15\sqrt{3} - 15\sqrt{3} = 0$
∴ রেখাদ্বয় পরস্পর লম্ব। ∴ অন্তর্ভুক্ত কোণ = 90°

**68. ΔABC এর AB ও AC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে D(2,3) ও F(0,0) হলে BC বাহুর ঢাল কত?** [BAU : 02-03]

Ⓐ $\frac{2}{3}$ Ⓑ 1 Ⓒ $\frac{-2}{3}$ Ⓓ $\frac{3}{2}$

**Ans D Solve** DF রেখার ঢাল = BC রেখার ঢাল = $\frac{3-0}{2-0} = \frac{3}{2}$

**69. কোনো নির্দিষ্ট বিন্দুর চতুর্দিকে সরলরেখার প্রান্তদ্বয় দ্বারা উৎপন্ন ত্রিভূজের ক্ষেত্রফলের-** [BAU : 02-03]

Ⓐ সমান Ⓑ দ্বিগুণ
Ⓒ অর্ধেক Ⓓ চারগুণ

**Ans B**

**70. k এর মান কত হলে $3x + 5y - 7 = 0$ এবং $kx - 3y + 5 = 0$ সরলরেখাদ্বয় সমান্তরাল হবে?** [BAU : 02-03]

Ⓐ $\frac{-9}{5}$ Ⓑ $\frac{9}{5}$ Ⓒ $\frac{-5}{9}$ Ⓓ $\frac{5}{9}$

**Ans A Solve** $\frac{3}{k} = \frac{5}{-3} \Rightarrow 5k = -9 \therefore k = -\frac{9}{5}$

**71. কোন বিন্দুটি $2x - 3y + 1 = 0$ রেখার উপর অবস্থিত?** [BAU : 02-03]

Ⓐ (1,2) Ⓑ (–2,1)
Ⓒ (0,–1) Ⓓ কোনোটিই নয়

**Ans D Solve** $2x - 3y + 1 = 0$ ..... (i)
(1, 2); (–2, 1); (0, –1) বিন্দুগুলোর কোন বিন্দুই (i) সমীকরণকে সিদ্ধ করে নাই। তাই কোনো বিন্দুই (i) নং রেখার উপর অবস্থিত নয়।

**72. $2x + 1 = 0$ এবং $y = x + 1$ রেখাদ্বয়ের মধ্যবর্তী কোণ কত?** [BAU : 01-02]

Ⓐ 45° Ⓑ 60°
Ⓒ 30° Ⓓ 90°

**Ans D Solve** $2x + 1 = 0 \Rightarrow x = -\frac{1}{2}$ .....(i) এটি x অক্ষের উপর লম্ব।

$y = x + 1 \Rightarrow y = -\frac{1}{2} + 1 = \frac{1}{2}$ .....(ii)

যাহা $y = b$ এর অনুরূপ। ইহা y অক্ষের উপর লম্ব। তাই (i) নং ও (ii) নং লম্বভাবে অবস্থিত।

**73. ΔABC - এর AB এবং AC বাহুদ্বয়ের মধ্যবিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে (0,0) ও (3,–4) হলে BC বাহুর দৈর্ঘ্য কত?** [BAU : 01-02]

Ⓐ 5 একক Ⓑ 7 একক
Ⓒ 10 একক Ⓓ 15 একক

**Ans C Solve** ΔABC ত্রিভূজের AB এবং AC বাহুর মধ্যবিন্দু D এবং E হলে $DE \parallel BC$ ও $DE = \frac{1}{2}BC$।

$\therefore BC = 2 \times DE = 10$ একক।

**74. কোন সরলরেখা (5,5) বিন্দু দিয়ে অতিক্রম করে এবং অক্ষদ্বয়ের সমমানের অংশ ছেদ করে। সরলরেখার সমীকরণ কোনটি?** [BAU : 01-02]

Ⓐ $x + y = 5$ Ⓑ $x - y = 5$
Ⓒ $x + y = 10$ Ⓓ $x - y = 10$

**Ans C Solve**

- $(x_1, y_1)$ বিন্দু দিয়ে যায় এবং সমমানের অংশ কর্তন করলে সরলরেখার সমীকরণ হবে, $x + y = x_1 + y_1$।
- $(x_1, y_1)$ বিন্দু দিয়ে যায় এবং সমমানের বিপরীত চিহ্ন যুক্ত অংশ কর্তন করলে সরলরেখার সমীকরণ হবে, $x - y = x_1 - y_1$।

$x + y = x_1 + y_1 = 5 + 5 = 10 \Rightarrow x + y = 10$

**75. $a_1x + b_1y + c_1 = 0$ এবং $a_2x + b_2y + c_2 = 0$ রেখাদ্বয়ের পরস্পর লম্ব হওয়ার শর্ত কোনটি?** [BAU : 01-02]

Ⓐ $a_1a_2 = b_1b_2$ Ⓑ $a_1a_2 = b_1b_2$
Ⓒ $a_1a_2 = b_2b_2$ Ⓓ $a_1a_2 = b_2b_2$

**Ans B Solve**

- $a_1x + by_1 + c_1 = 0$, $a_2x + by_2 + c_2 = 0$ পরস্পর সমান্তরাল হলে, $a_1b_2 - a_2b_1 = 0$।
- $a_1x + by_1 + c_1 = 0$, $a_2x + by_2 + c_2 = 0$ পরস্পর লম্ব হলে, $a_1a_2 + b_1b_2 = 0$ হয়।

**76. (0,5) বিন্দুটির অবস্থান কোথায়?** [BAU : 01-02]

Ⓐ x অক্ষের উপর Ⓑ y অক্ষের উপর
Ⓒ দ্বিতীয় Ⓓ তৃতীয়

**Ans B Solve** y অক্ষের উপর অবস্থিত বিন্দুর স্থানাঙ্ক = $(0, y)$।

Academic to Admission all types study collection

77. একটি বিন্দুর কার্তেসীয় স্থানাঙ্ক $(\sqrt{3},1)$ হলে পোলার স্থানাঙ্ক কোনটি? [BAU : 00-01]

Ⓐ $\left(\sqrt{2},\frac{\pi}{6}\right)$ Ⓑ $\left(2,\frac{\pi}{6}\right)$ Ⓒ $\left(\frac{\pi}{6},2\right)$ Ⓓ $\left(\frac{\pi}{6},\sqrt{2}\right)$

**Ans B Solve** $(r,\theta)=\left(\sqrt{3+1},\tan^{-1}\frac{1}{\sqrt{3}}\right)=\left(2,\frac{\pi}{6}\right)$

78. $3x-6y+7=0$ সরলরেখাটি x অক্ষের ধনাত্মক দিকের সাথে যে কোণ উৎপন্ন করে তার contangent কত? [BAU : 00-01]

Ⓐ $\frac{1}{2}$ Ⓑ $\frac{\sqrt{3}}{2}$ Ⓒ 2 Ⓓ $\frac{1}{\sqrt{2}}$

**Ans C Solve**

$3x-6y+7=0\Rightarrow y=\frac{1}{2}x+\frac{7}{6}\therefore \tan\theta=\frac{1}{2}\Rightarrow\cot\theta=2$

## শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

01. দুটি সরলরেখা $5x+12y-23=0$ এবং $5x+12y+29=0$ এর মধ্যবর্তী দূরত্ব কত? [SAU : 18-19]

Ⓐ 2 Ⓑ 4 Ⓒ 3 Ⓓ 5

**Ans B Solve** রেখাদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব $=\left|\frac{29-(-23)}{\sqrt{5^2+12^2}}\right|=\left|\frac{52}{13}\right|=4$

02. তিনটি বিন্দু A(1,2), B(–3,2) এবং C(0,0) হলে মূলবিন্দু হতে A এর দূরত্ব কত? [SAU : 18-19]

Ⓐ $\sqrt{3}$ Ⓑ $\sqrt{5}$ Ⓒ $\sqrt{2}$ Ⓓ $\sqrt{7}$

**Ans B Solve** মূলবিন্দু C(0,0) হতে A(1,2) বিন্দুর দূরত্ব,

$=\sqrt{(1-0)^2+(2-0)^2}=\sqrt{1+4}=\sqrt{5}$

03. একটি সরলরেখা x অক্ষের সাথে $225^\circ$ কোণ উৎপন্ন করে। রেখাটি দ্বারা y অক্ষ থেকে কর্তিত অংশের পরিমাণ 2 হলে এর সমীকরণ কী? [SAU : 18-19]

Ⓐ $y=2-x$ Ⓑ $y=x-2$
Ⓒ $y=x+2$ Ⓓ $y=x$

**Ans C Solve** $y=\tan225^\circ x+2\Rightarrow y=x+2$

04. কোন বিন্দুতে কার্তেসীয় স্থানাঙ্ক $(-1,-\sqrt{3})$ এবং পোলার স্থানাঙ্ক $(r,\theta)$ হলে r এর মান কত? [SAU : 18-19]

Ⓐ 2 Ⓑ 3 Ⓒ 1 Ⓓ 4

**Ans A Solve** $\therefore r=\sqrt{(-1)^2+\sqrt{(3)^2}}=2$

05. $y=2\sin90^\circ$ হলে y এর মান কত? [SAU : 18-19]

Ⓐ 1 Ⓑ 2 Ⓒ 3 Ⓓ 4

**Ans B Solve** $y=2\sin90^\circ\Rightarrow y=2\times1=2$

06. (0, 3) বিন্দু থেকে $x=5$ রেখার উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য কত? [SAU : 17-18]

Ⓐ 3 Ⓑ –3
Ⓒ 5 Ⓓ 4

**Ans C Solve** (0, 3) বিন্দু থেকে $x-5=0$ রেখার উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য $=\left|\frac{0-5}{\sqrt{1^2}}\right|=5$

07. $(2x+y,2)$ এবং $(2,x-2y)$ ক্রমজোড় দুইটি সমান হলে (x, y) এর মান কত? [SAU : 17-18]

Ⓐ $\left(\frac{3}{5},\frac{2}{5}\right)$ Ⓑ $\left(\frac{6}{5},-\frac{2}{5}\right)$ Ⓒ $\left(\frac{3}{4},\frac{2}{5}\right)$ Ⓓ $\left(\frac{3}{5},-\frac{2}{5}\right)$

**Ans B Solve** শর্তমতে, $2x+y=2$ .....(i)

$x-2y=2$ .....(ii)

(i) × 2 + (ii) $\Rightarrow 4x+x=4+2\Rightarrow 5x=6\therefore x=\frac{6}{5}$

(i) – (ii) × 2 $\Rightarrow y+4y=2-4$

$\Rightarrow 5y=-2\therefore y=-\frac{2}{5}\therefore (x,y)=\left(\frac{6}{5},-\frac{2}{5}\right)$

08. $(x+y,1)$ এবং $(3,x-y)$ ক্রমজোড় দুইটি সমান হলে, x এবং y এর মান কত? [SAU : 16-17]

Ⓐ (1, 2) Ⓑ (2, 1) Ⓒ (0, 1) Ⓓ (1, 3)

**Ans B Solve** $x+y=3$ .....(i)

$x-y=1$ ..... (ii)

(i) ও (ii) এর সমাধান করে পাই, $x=2$ ; $y=1$

09. একটি বর্গক্ষেত্রের দুই বাহু $6x-8y+5=0$ এবং $3x-4y+10=0$ রেখা দুটির উপর অবস্থিত হলে এর ক্ষেত্রফল কত? [SAU : 16-17]

Ⓐ $\frac{4}{9}$ Ⓑ $\frac{5}{9}$ Ⓒ $\frac{9}{4}$ Ⓓ $\frac{5}{7}$ **Ans C**

10. মূলবিন্দু হতে $3x+4y=10$ রেখাটির লম্ব দূরত্ব [SAU : 15-16]

Ⓐ 2 Ⓑ 3 Ⓒ 4 Ⓓ 5

**Ans A Solve** দূরত্ব $=\left|\frac{0+0-10}{\sqrt{3^2+4^2}}\right|=\left|\frac{-10}{5}\right|=2$

11. (4, –2) বিন্দু হতে $5x+12y=3$ রেখার উপর লম্বের দৈর্ঘ্য কত? [SAU : 15-16]

Ⓐ $\frac{-7}{13}$ Ⓑ $\frac{8}{9}$ Ⓒ $\frac{-8}{9}$ Ⓓ $\frac{7}{13}$

**Ans D Solve** লম্ব দূরত্ব $=\left|\frac{(5\times4)+12\times(-2)-3}{\sqrt{5^2+12^2}}\right|=\frac{7}{13}$

12. $\frac{3}{7}$ ঢাল বিশিষ্ট রেখাটি (–3, 5) ও (4, k) বিন্দু দিয়ে গেলে 'k' এর মান কত? [SAU : 15-16]

Ⓐ 4 Ⓑ 6 Ⓒ 7 Ⓓ 8

**Ans D Solve** $(y-5)=\frac{3}{7}(x+3)$

$\Rightarrow 7y-35=3x+9\Rightarrow 3x-7y+44=0$

যা, (4,k) বিন্দুগামী, $3.4-7k+44=0$

$\Rightarrow k=\frac{56}{7}=8$

**Shortcut:**
$\frac{3}{7}=\frac{k-5}{4+3}$
$\Rightarrow k-5=3$
$\Rightarrow k=8$

13. এমন একটি সঞ্চারপথের সমীকরণ বের কর যা দুইটি প্রদত্ত বিন্দু (b, 0) এবং (–b, 0) থেকে সর্বদা সমদূরবর্তী। [SAU : 15-16]

Ⓐ $x=b$ Ⓑ $y=0$ Ⓒ $x=0$ Ⓓ $y=b$ **Ans C**

14. (1,0),(2,1) ও (4,5) বিন্দুগুলো দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল কত বর্গ একক? [SAU : 14-15]

Ⓐ 14 Ⓑ 12 Ⓒ 10 Ⓓ 1

**Ans D Solve** ক্ষেত্রফল $=\frac{1}{2}\begin{vmatrix}1&0&1\\2&1&1\\4&5&1\end{vmatrix}$

$=\frac{1}{2}\begin{vmatrix}0&0&1\\1&1&1\\3&5&1\end{vmatrix}=\frac{1}{2}(5-3)=1$ বর্গ একক

15. একটি বর্গক্ষেত্রের প্রতিটি বাহু 20% বৃদ্ধি করলে ক্ষেত্রফল কত বৃদ্ধি পাবে? [SAU : 13-14]

Ⓐ 44% Ⓑ 40% Ⓒ 20% Ⓓ 100%

**Ans A Solve** x, y বাহুদ্বয় হলে, ক্ষেত্রফল xy

20% বৃদ্ধি হলে, ক্ষেত্রফল $=1.2x\times1.2y\Rightarrow 1.44xy$

বৃদ্ধি পায় $0.44=44\%$

16. $4x-3y+11=0$ রেখার উপর লম্ব এবং মূলবিন্দুগামী রেখার সমীকরণ কোনটি? [SAU : 13-14]

Ⓐ $3x+4y=0$ Ⓑ $3x-4y=0$ Ⓒ $4x+3y=0$ Ⓓ $x+3y=0$

**Ans A Solve** $3(x-0)+4(y-0)=0\Rightarrow 3x+4y=0$

17. $(4,\frac{\pi}{4})$ বিন্দুর কার্তেসীয় স্থানাঙ্ক কোনটি? [SAU : 13-14]

Ⓐ $(\sqrt{2},\sqrt{2})$ Ⓑ (2,2) Ⓒ $(2\sqrt{2},2\sqrt{2})$ Ⓓ (1,1)

**Ans C Solve** $x=r\cos\theta=4\cos\frac{\pi}{4}=2\sqrt{2}$

$\therefore 4=r\sin\theta=4\sin\frac{\pi}{4}=2\sqrt{2}\quad\therefore (x,y)=(2\sqrt{2},2\sqrt{2})$

Academic Admission Preparation

**18. (3,4) এবং (7,8) বিন্দুগামী রেখা এবং এর মধ্যবিন্দুগামী লম্বরেখার ছেদবিন্দুর স্থানাঙ্ক কত?** [SAU : 13-14]

Ⓐ (5, 6) Ⓑ (– 5, – 6) Ⓒ (– 5, 6) Ⓓ (5, – 6)

Ans Ⓐ Solve $x = \frac{3+7}{2} = 5, y = \frac{4+8}{2} = 6$

∴ ছেদ বিন্দুর স্থানাংক = (5, 6)

**19. (1, –5) বিন্দুটির অবস্থান কোন চতুর্ভাগে?** [SAU : 13-14]

Ⓐ প্রথম Ⓑ দ্বিতীয় Ⓒ তৃতীয় Ⓓ চতুর্থ Ans Ⓓ

**20. $4x + 3y - 5 = 0$ এবং $2y - x + 3 = 0$ রেখা দুইটির অন্তর্ভুক্ত সূক্ষ্মকোণ $\theta$ হলে $\tan\theta$ এর মান কত?** [SAU : 12-13]

Ⓐ $-\frac{11}{2}$ Ⓑ $-\frac{1}{2}$ Ⓒ $\frac{1}{2}$ Ⓓ $\frac{11}{2}$

Ans Ⓓ Solve $4x + 3y - 5 = 0$

$\Rightarrow 3y = -4x + 5 \Rightarrow y = -\frac{4}{3}x + \frac{5}{3}$ .....(i)

$2y - x + 3 = 0 \Rightarrow y = \frac{x}{2} - \frac{3}{2}$ .....(ii)

∴ ঢাল, $m_1 = -\frac{4}{3}$ ; $m_2 = \frac{1}{2}$

$\therefore \tan\theta = \left(\frac{m_1 - m_2}{1 + m_1 m_2}\right) = \frac{-\frac{4}{3} - \frac{1}{2}}{1 - \frac{4}{6}} = \frac{11}{2}$

**21. (1, –7) বিন্দুটির অবস্থান কোন চতুর্থভাগে?** [SAU : 12-13]

Ⓐ প্রথম Ⓑ দ্বিতীয় Ⓒ তৃতীয় Ⓓ চতুর্থ Ans Ⓓ

**22. $x + y - 6 = 0$ সরলরেখাটি অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ উৎপন্ন করে তার ক্ষেত্রফল কত?** [SAU : 11-12]

Ⓐ 6 বর্গ একক Ⓑ 12 বর্গ একক Ⓒ 18 বর্গ একক Ⓓ 36 বর্গ একক

Ans Ⓒ Solve $x + y - 6 = 0 \Rightarrow \frac{x}{6} + \frac{y}{6} = 1$

∴ ক্ষেত্রফল $= \frac{1}{2} \times 6 \times 6 =$ 18 বর্গ একক

**23. $r = a$ পোলার সমীকরণটিকে কার্তেসীয় সমীকরণে রূপান্তরিত করলে কোনটি হবে?** [SAU : 10-11,SylAU : 14-15,PSTU :13-14;12-13]

Ⓐ $x^2 + y^2 = ax$ Ⓑ $x^2 + y^2 + ax = 0$

Ⓒ $x^2 + y^2 = a^2$ Ⓓ $x^2 + y^2 + a^2 = 0$

Ans Ⓒ Solve $r = a \Rightarrow r^2 = a^2 \Rightarrow x^2 + y^2 = a^2$

**24. $x + y - 1 = 0$ সরলরেখাটি x অক্ষের সাথে যে বিন্দুতে মিলিত হয়, তার স্থানাঙ্ক কোনটি?** [SAU : 10-11,JGVC : 14-15,CVASU:12-13]

Ⓐ (0, 1) Ⓑ (0,–1) Ⓒ (–1, 0) Ⓓ (1, 0)

Ans Ⓓ Solve $x + y - 1 = 0$; x অক্ষে $y = 0$

∴ $x = 1$ ∴ মিলিত হয় (1, 0) বিন্দুতে।

**25. $x + y = 4$ সরলরেখাটি অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজটি উৎপন্ন করে তার ক্ষেত্রফল কত বর্গ একক?** [SAU : 10-11]

Ⓐ 1 Ⓑ 2 Ⓒ 4 Ⓓ 8

Ans Ⓓ Solve $x + y = 4 \Rightarrow \frac{x}{4} + \frac{y}{4} = 1$

∴ ক্ষেত্রফল $= \frac{1}{2}ab = \frac{1}{2} \times 4 \times 4 = 8$

**26. k-এর মান কত হলে $3x - 4y + 1 = 0$ এবং $4x + ky + 22 = 0$ সরলরেখা দুইটির মধ্যবর্তী কোণ এক সমকোণ হবে?** [SAU : 10-11]

Ⓐ 4 Ⓑ – 4 Ⓒ 3 Ⓓ 2

Ans Ⓒ Solve প্রশ্নমতে, $3 \times 4 + (-4) \times k = 0$

$\Rightarrow 3 - k = 0 \Rightarrow k = 3$

**27. $x = 0, y = 0$ এবং $x + y = 1$ রেখা তিনটি দ্বারা উৎপন্ন ত্রিভুজটি হবে -** [SAU : 09-10]


Ⓐ বিষমবাহু Ⓑ স্থূলকোণী Ⓒ সমকোণী সমদ্বিবাহু Ⓓ কোনোটিই নয়

Ans Ⓒ Solve

রেখাত্রয়, $x = 0$

$y = 0$

$x + y = 1 \Rightarrow \frac{x}{1} + \frac{y}{1} = 1$




∴ রেখাত্রয় দ্বারা উৎপন্ন ত্রিভুজ সমকোণী সমদ্বিবাহু।

**28. $x = 2, x = 5, y = 1, y = 3$ রেখাগুলো দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গ একক?** [SAU : 09-10]

Ⓐ 6 Ⓑ 4 Ⓒ 3 Ⓓ $6\pi$

Ans Ⓐ Solve


রেখা গুলো-

$x = 2$

$x = 5$

$y = 1$ এবং

$y = 3$




$AB = 5 - 2 = 3$

$AD = 3 - 1 = 2$

$AB \times AD = 6$

∴ রেখাগুলো দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল = 6

**04. সাতটি ভিন্ন ভিন্ন সরলরেখার দৈর্ঘ্য যথাক্রমে 1, 2, 3, 4, 5, 6 এবং 7 সেন্টিমিটার। সরলরেখাগুলি দিয়ে কত প্রকারের চতুর্ভুজ গঠন করা যাবে?**

Ⓐ 32 Ⓑ 35 Ⓒ 140 Ⓓ 70

**A Solve** 1, 2, 3, 4, 5, 6, 7 যেকোনো 4 রেখার বাছাই সংখ্যা ${}^7C_4 = 35$
রেখা 4টির মধ্যে (1, 2, 3, 6), (1, 2, 4, 7), (1, 2, 3, 7) দ্বারা চতুর্ভুজ হবে না যা 3টি ∴ চতুর্ভুজের সংখ্যা $= 35 - 3 = 32$

# Topic 7 কমিটি বা দল গঠন

➢ **কিছু বস্তু সর্বদাই অন্তর্ভুক্ত থাকবে এমন সমাবেশ:** যারা সর্বদাই থাকবে তাদেরকে মোট সংখ্যা হতে বাদ দিতে হবে। অতঃপর যতগুলো নেয়া হচ্ছে সেখান থেকেও যারা সর্বদাই থাকবে তাদেরকে বাদ দিতে হবে। বাদ দেবার পর প্রাপ্ত বস্তুর সাজানো সংখ্যাই নির্ণেয় সমাবেশ। যেমন: n সংখ্যক বিভিন্ন বস্তু হতে প্রতিবারে r সংখ্যক বস্তু নিই যেখানে p সংখ্যক বস্তু সর্বদা থাকবে। প্রথমে n হতে p এবং r হতে p বাদ দেই। অতঃপর প্রাপ্ত বস্তু (n – p) সংখ্যক অর্থাৎ নির্ণেয় সমাবেশ ${}^{n-p}C_{r-p}$

➢ **কিছু বস্তু কখনোই অন্তর্ভুক্ত থাকবে না:** যারা কখনোই অন্তর্ভুক্ত থাকবে না প্রথমেই তাদেরকে মোট সংখ্যা হতে বাদ দিতে হবে। এরপর প্রাপ্ত সংখ্যাকে যতগুলো নিতে বলা হয়েছে তাদের মধ্যে সমাবেশ করলেই হবে। যেমন: n সংখ্যক বস্তু হতে প্রতিবারে r সংখ্যক বস্তু নিয়ে সমাবেশ করার উপায় যাতে p সংখ্যক বস্তু কখনোই থাকবে না $= {}^{n-p}C_r$

➢ **কিছু একজাতীয়, কিছু ভিন্ন এরূপ সমাবেশ:** n সংখ্যক বস্তুর মধ্যে p সংখ্যক একপ্রকার, q সংখ্যক অপর এক প্রকার, r সংখ্যক ভিন্ন এক প্রকার বাকিগুলো বিভিন্ন s সংখ্যক হলে এদের মধ্য হতে যে কোনটি যে কোন সংখ্যকবার নিয়ে মোট সমাবেশ $= (p+1)(q+1)(r+1)2^s - 1$

➢ n সংখ্যক বিভিন্ন জিনিস হতে প্রতিবারে কিছু সংখ্যক সর্বোচ্চ r সংখ্যক বস্তু নিয়ে যতভাবে বাছাই করা যায় তার সংখ্যা $= \sum_{r=1}^{n} {}^nC_r$
$= {}^nC_1 + {}^nC_2 + {}^nC_3 + \ldots + {}^nC_r$

➢ n সংখ্যক বিভিন্ন বস্তু হতে প্রতিবারে যে কোন সংখ্যক নিয়ে গঠিত সমাবেশ $= {}^nC_1 + {}^nC_2 + {}^nC_3 + \ldots + {}^nC_n = 2^n - 1$

➢ n সংখ্যক প্রশ্নের প্রতিটির একটি করে বিকল্প প্রশ্ন থাকলে প্রশ্নগুলো বা প্রশ্নত্রয় বাছাই করা যাবে $= 3^n - 1$

➢ **সমাবেশের ক্ষেত্র:** প্রশ্নে নিম্নলিখিত কথা উল্লেখ থাকলে সমাবেশ করতে হয়-

| | | |
|---|---|---|
| i) বেছে নেয়া | vi) টিম গঠন | xi) প্রার্থী নির্বাচন |
| ii) বাছাই করা | vii) ক্ষেত্র গঠন | xii) সরলরেখা বা কর্ণের সংখ্যা |
| iii) দল গঠন | viii) বিনিময় করা | xiii) সংকেত তৈরি |
| iv) কমিটি গঠন | ix) নিমন্ত্রণ করা | xiv) ভাগ করে দেয়া |
| v) উপকমিটি গঠন | x) ভ্রমণ করা | xv) উৎপাদক সংখ্যা |

## Mathematical Problems

**01. 10 জন বালক এবং 8 জন বালিকা থেকে 2 জন বালক এবং 2 জন বালিকা কত বিভিন্ন উপায়ে বেছে নেওয়া যায়?**

Ⓐ 75 Ⓑ 1260 Ⓒ 3060 Ⓓ 5060

**B Solve** বাছাই $= {}^{10}C_2 \times {}^8C_2 = 1260$

**02. EQUATION শব্দটি হতে প্রতিবারে 3 টি স্বরবর্ণ ও 2 টি ব্যঞ্জনবর্ণ নিয়ে কতগুলো শব্দ গঠন করা যায়-**

Ⓐ 360 Ⓑ 5040 Ⓒ 3600 Ⓓ 720

**C Solve** EQUATION বা (QTN) (EUAIO) শব্দটিতে স্বরবর্ণ 5টি এবং ব্যঞ্জনবর্ণ 3টি। 5টি স্বরবর্ণ হতে 3টির বাছাই সংখ্যা $= {}^5C_3$ এবং 3টি ব্যঞ্জনবর্ণ হতে 2টির বাছাই সংখ্যা $= {}^3C_2$
∴ মোট বাছাই সংখ্যা $= {}^5C_3 \times {}^3C_2$
প্রতিটি বাছাইকৃত বর্ণ দ্বারা গঠিত শব্দ $= 5!$
∴ মোট শব্দ গঠন $= {}^5C_3 \times {}^3C_2 \times 5! = 3600$

**03. 10টি বইয়ের মধ্যে 4টি বই কত প্রকারে বাছাই করা যায়, যাতে নির্দিষ্ট 2টি বই সর্বদা বাদ থাকে?**

Ⓐ 70 Ⓑ 45 Ⓒ 28 Ⓓ 210

**A Solve** বাছাই সংখ্যা $= {}^{10-2}C_4 = {}^8C_4 = 70$

**04. একটি সভা শেষে প্রত্যেকে প্রত্যেকের সাথে করমর্দন করলেন। করমর্দনের সংখ্যা 66 হলে, কতজন লোক সভায় উপস্থিত ছিলেন?**

Ⓐ 11 Ⓑ 33 Ⓒ 12 Ⓓ 24

**C Solve** প্রশ্নমতে, ${}^nC_2 = 66 \Rightarrow \frac{n(n-1)}{2} = 66$
$\Rightarrow n^2 - n - 132 = 0 \Rightarrow (n-12)(n+11) = 0$
$\therefore n = 12 \because n \neq -11$

**05. একজন পরীক্ষার্থীকে 12টি প্রশ্ন থেকে 6টি প্রশ্নের উত্তর দিতে হবে। তাকে প্রথম 5 টি প্রশ্ন হতে ঠিক 4টি প্রশ্ন বাছাই করতে হলে, সে কত প্রকারে প্রশ্নগুলি বাছাই করতে পারবে?**

Ⓐ 210 Ⓑ ${}^7C_2$ Ⓒ 105 Ⓓ ${}^7C_2 + {}^5C_2$

**C Solve** নির্ণেয় বাছাই সংখ্যা $= {}^5C_4 \times {}^7C_2 = 105$ টি।

**06. 9 ব্যক্তির একটি দল দুইটি যানবাহনে ভ্রমণ করবে, যার একটিতে সাত জনের এবং অন্যটিতে চার জনের বেশি ধরে না। দলটি কত প্রকারে ভ্রমণ করতে পারবে?**

Ⓐ 126 Ⓑ 246 Ⓒ 346 Ⓓ 105

**B Solve** ভ্রমণের উপায় $= {}^9C_7 + {}^9C_6 + {}^9C_5 = 246$

# Topic 8 বিন্যাস, সমাবেশ মিশ্রিত সমস্যা

## Mathematical Problems

**01. AMERICA শব্দটির অক্ষরগুলি থেকে প্রতিবারে 3টি অক্ষর নিয়ে শব্দ গঠন করা যায়-**

Ⓐ 120 টি Ⓑ 135 টি
Ⓒ 35 টি Ⓓ 125 টি

**B Solve** AMERICA শব্দটিতে 2টি A এবং বাকীগুলো ভিন্ন বর্ণ
(AA)MERIC
সবগুলোর ভিন্ন বর্ণের শব্দ সংখ্যা $= {}^6P_3 = 6 \times 5 \times 4 = 120$টি
2টি A সহ শব্দ সংখ্যা $= {}^5C_1 \times \frac{3!}{2!} = 5 \times 3 = 15$
∴ মোট শব্দ সংখ্যা $= 120 + 15 = 135$

**02. 'PROFESSOR' শব্দটির অক্ষরগুলো হতে প্রতিবার চারটি করে অক্ষর নিয়ে কতভাবে সাজানো যায়?**

Ⓐ 738 Ⓑ 512 Ⓒ 1024 Ⓓ 653

**Solve** PROFESSOR শব্দটিতে 9টি অক্ষর বিদ্যমান যার মধ্যে 2টি O, 2টি S, 2টি R। অর্থাৎ OO, SS, RR, P, E, F

প্রদত্ত শব্দটি হতে 4টি অক্ষরের সমাবেশ ও বিন্যাস সংখ্যা নিম্নরূপ :

| | বর্ণনা | সমাবেশ | বিন্যাস |
|---|---|---|---|
| (i) | দুইটি একই, দুইটি অন্য একই | $^3C_2 = 3$ | $^3C_2 \times \frac{4!}{2!\,2!} = 18$ |
| (ii) | দুইটি একই, দুইটি ভিন্ন | $^3C_1 \times {}^5C_2 = 3 \times 10 = 30$ | $^5C_1 \times {}^5C_2 \times \frac{4!}{2!} = 360$ |
| (iii) | সবগুলো ভিন্ন | $^6C_4 = 15$ | $^6C_4 \times 4! = 360$ |
| মোট | | 48 | 738 |

**03. $^nP_r = 120$ এবং $^nC_r = 20$ হলে, r এর মান কত?**

Ⓐ 6 Ⓑ 5 Ⓒ 3 Ⓓ 2

**Solve** $^nP_r = 120 \Rightarrow r!\ {}^nC_r = 120 \Rightarrow r! \times 20 = 120$

$\Rightarrow r! = 6 \Rightarrow r! = 3! \therefore r = 3$

## Topic 9 জেনে রাখা ভালো

- পুনরাবৃত্তিকমূলক বিন্যাস নির্ণয়ের জন্য $n^r$ সূত্র ব্যবহার করতে হয়।
- n সংখ্যক বিভিন্ন বস্তু হতে প্রতিবারে r সংখ্যক বস্তু দ্বারা পুনরাবৃত্তিমূলক বিন্যাস $= n^r$; $n, r \in N$
- n টি চিটি n টি ভুল ঠিকানায় পোস্ট করার উপায়

$$= \lfloor n \left[ 1 - \frac{1}{\lfloor 1} + \frac{1}{\lfloor 2} - \frac{1}{\lfloor 3} + \ldots\ldots\ldots\ldots + (-1)^n \frac{1}{\lfloor n} \right]$$

- n সংখ্যক চিঠির মধ্যে r সংখ্যক চিঠি ভুল খামে যাওয়ার উপায়

$$= {}^nC_r \times \lfloor r \left[ 1 - \frac{1}{\lfloor 1} + \frac{1}{\lfloor 2} - \frac{1}{\lfloor 3} + \ldots\ldots\ldots\ldots + (-1)^r \frac{1}{\lfloor r} \right]$$

$$= {}^nP_r \left[ 1 - \frac{1}{\lfloor 1} + \frac{1}{\lfloor 2} - \frac{1}{\lfloor 3} + \ldots\ldots\ldots\ldots + (-1)^r \frac{1}{\lfloor r} \right]$$

- n সংখ্যক চিঠির মধ্যে কমপক্ষে p সংখ্যক চিঠি ভুল খামে যাওয়ার উপায়

$$= \sum_{r=p}^{n} {}^nC_r D_r \text{ যেখানে } D_r = \lfloor r \left[ 1 - \frac{1}{\lfloor 1} + \frac{1}{\lfloor 2} - \ldots\ldots\ldots + (-1)^r \frac{1}{\lfloor r} \right]$$

## Part 2 কৃষি বিশ্ববিদ্যালয় সমূহের বিগত বছরের প্রশ্ন ও সমাধান

### গুচ্ছভুক্ত কৃষি বিশ্ববিদ্যালয়

**01. $^nC_4 = 15$, $^{n+1}C_5 = 21$ হলে, $^nP_5$ এর মান কত?** [Agri.Cluster : 20-21]

Ⓐ $\frac{6}{5!}$ Ⓑ 6! Ⓒ 5 Ⓓ 5!

**Solve** $\frac{{}^nC_4}{{}^{n+1}C_5} = \frac{15}{21} \Rightarrow \frac{\frac{n!}{4!(n-4)!}}{\frac{(n+1)!}{5!(n+1-5)!}} = \frac{5}{7}$

$\Rightarrow \frac{n!}{4!\,(n-4)!} \times \frac{5 \times 4!\,(n-4)!}{(n+1)\,n!} = \frac{5}{7} \Rightarrow \frac{5}{(n+1)} = \frac{5}{7}$

$\Rightarrow 5n + 5 = 35 \Rightarrow 5n = 30 \therefore n = 6$

$\therefore {}^nP_5 = {}^6P_5 = \frac{6!}{(6-5)!} = \frac{6!}{1!} = 6!$

**02. $^nP_4 = 6.\ {}^nP_3$ হলে, n এর মান কত?** [Agri.Cluster : 19-20,BAU : 16-17]

Ⓐ 9 Ⓑ 10 Ⓒ 8 Ⓓ 6

**Solve** $^nP_4 = 6.{}^nP_3$

$\Rightarrow n(n-1)(n-2)(n-3) = 6.n(n-1)(n-2)$

$\Rightarrow n - 3 = 6 \Rightarrow n = 6 + 3 = 9$

**03. 10 বাহু বিশিষ্ট বহুভুজের কর্ণের সংখ্যা কয়টি?** [Agri.Cluster : 19-20,BAU: 06-07,03-04,SylAU :13-14, 12-13, 09-10, 08-09,CVASU : 10-11]

Ⓐ 45 Ⓑ 90 Ⓒ 25 Ⓓ 35

**Solve** কর্ণের সংখ্যা $= {}^{10}C_2 - 10 = 45 - 10 = 35$

### বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

**01. $^{n+1}C_2 + {}^nC_3 + {}^{n+1}C_4$ এর মান কত?** [BAU : 18-19]

Ⓐ $^{n+1}C_2$ Ⓑ $^{n+1}C_4$ Ⓒ $^{n+2}C_3$ Ⓓ $^{n+2}C_4$

**Solve** $^{n+1}C_2$ এর পরিবর্তে $^nC_2$ হলে সমাধান হবে নিম্নরূপ :

$^nC_2 + {}^nC_3 + {}^{n+1}C_4 = {}^{n+1}C_3 + {}^{n+1}C_4 = {}^{n+1+1}C_4 = {}^{n+2}C_4$

**02. দুটি সমান্তরাল রেখার প্রত্যেকটির উপর 5টি করে বিন্দু আছে। এই বিন্দুগুলো সংযোগ করে মোট কতগুলো ত্রিভুজ গঠন করা যাবে?** [BAU : 18-19]

Ⓐ 50 Ⓑ 100 Ⓒ 150 Ⓓ 200

**Solve** ত্রিভুজের সংখ্যা $= {}^5C_2 \times {}^5C_1 + {}^5C_2 \times {}^5C_1$

$= 50 + 50 = 100$ [∴ সমান্তরাল ১ম টি হতে ২ ও অপরটি হতে এটি বিন্দু নিয়ে। আবার ১ম টি হতে 1টি এবং অপরটি হতে 2টি নিয়ে]

**03. প্রতিবার প্রথমে ও শেষে C রেখে CALCULUS শব্দটির অক্ষরগুলোকে কতভাবে সাজানো যায়?** [BAU : 18-19]

Ⓐ 90 Ⓑ 180 Ⓒ 280 Ⓓ 360

**Solve** CALCULUS মোট বর্ণসংখ্যা 8টি, এদের মধ্যে C–2 টি, U – 2টি; L – 2টি বর্ণ আছে। 2টি C কে দুইপ্রান্তে রেখে 6টি বর্ণের সাজানো সংখ্যা $= \frac{6!}{2!\,2!} = 180$

**04. $^nP_r$ এর মান $^nC_r$ এর মানের কত গুণ?** [BAU : 17-18,SAU : 11-12]

Ⓐ r Ⓑ n Ⓒ r! Ⓓ n!

**Solve** $^nP_r = r! \times {}^nC_r = r!$ গুণ

**05. $^nC_5 = {}^nC_7$ হলে, $^nC_9$ এর মান কত?** [BAU : 17-18]

Ⓐ 200 Ⓑ 220 Ⓒ 240 Ⓓ 260

**Solve** $^nC_5 = {}^nC_7 \Rightarrow n = 5 + 7 = 12 \therefore {}^{12}C_9 = 220$

**06. 12 বাহুবিশিষ্ট একটি সমতল ক্ষেত্রের কয়টি কর্ণ আছে?** [BAU : 16-17,SAU : 12-13,SylAU : 18-19]

Ⓐ 50 Ⓑ 54 Ⓒ 60 Ⓓ 66

**Solve** কর্ণ $= {}^{12}C_2 - 12 = 54$

**07. $^nC_6 = {}^nC_8$ হলে n এর মান কোনটি?** [BAU : 15-16,14-15]

Ⓐ 2 Ⓑ 6 Ⓒ 8 Ⓓ 14

**Solve** $^nC_6 = {}^nC_8 \Rightarrow n = 6 + 8 = 14$

**08. n বাহু বিশিষ্ট একটি সমতল ক্ষেত্রের কৌণিক বিন্দুগুলোর সংযোগ রেখা দ্বারা গঠিত কর্ণের সংখ্যা কত?** [BAU : 15-16]

Ⓐ $^nC_2$ Ⓑ $\frac{^nC_2}{2!}$ Ⓒ $^nC_2 - 2$ Ⓓ $^nC_2 - n$

**Solve** কর্ণের সংখ্যা $= {}^nC_2 - n$

**09. $^5C_1 + {}^5C_2 + {}^5C_3 + {}^5C_4 + {}^5C_5$ এর মান কত?** [BAU : 13-14,02-03]

Ⓐ 16 Ⓑ 32 Ⓒ 31 Ⓓ 33

**Solve** $(1+1)^5 - 1 = 2^5 - 1 = 31$

**10. "CALCULUS" শব্দটির বর্ণগুলোর সবগুলো একত্রে নিয়ে প্রথম ও শেষ অক্ষর 'U' রেখে সাজানো হলে তার সংখ্যা কত হবে?** [BAU : 13-14]

Ⓐ 200 Ⓑ 180 Ⓒ 270 Ⓓ 300

**Solve** CALCULUS শব্দটির বর্ণগুলোর সবগুলো একত্রে নিয়ে ১ম ও শেষ অক্ষর U রেখে সাজানো সংখ্যা $= \frac{6!}{2! \times 2!} = 180$

**11.** ${}^nC_8 = {}^nC_4$ হলে n এর মান কত? [BAU : 13-14]

Ⓐ 4 Ⓑ 8 Ⓒ 12 Ⓓ 16

**Solve** ${}^nC_8 = {}^nC_4 \Rightarrow n = 8 + 4 \Rightarrow n = 12$

**12.** ${}^nC_5 = {}^nC_7$ হলে, ${}^nC_{11}$-এর মান কত? [BAU : 12-13,SAU : 07-08]

Ⓐ 12 Ⓑ 6 Ⓒ 24 Ⓓ 36

**Solve** ${}^nC_5 = {}^nC_7 \Rightarrow n = 12 \therefore {}^nC_{11} = {}^{12}C_{11} = 12$

**13.** 0, 1, 2, 3, 4, 5 এর সাহায্যে তিন অংকের কয়টি সংখ্যা গঠন করা যায়? [BAU : 11-12]

Ⓐ 980 Ⓑ 960 Ⓒ 1000 Ⓓ 100

**Solve** গঠিত সংখ্যা $= {}^6P_3 - {}^5P_2 = 100$

**14.** একটি প্রশ্নপত্রে 10টি প্রশ্ন দেয়া আছে। একজন ছাত্র কতভাবে এক বা একাধিক প্রশ্নের উত্তর দিতে পারবে? [BAU : 11-12]

Ⓐ $2^{10}$ Ⓑ $2^{10}+1$ Ⓒ $2^{10}-1$ Ⓓ $1^{10}-2$

**Solve** নির্ণেয় উপায় $= 2^n - 1 = 2^{10} - 1$

**15.** ময়মনসিংহ শহরে 5 অঙ্কবিশিষ্ট সর্বোচ্চ কতগুলো টেলিফোন সংযোগ দেওয়া যাবে? [BAU : 10-11,01-02]

Ⓐ 10000 Ⓑ 100000 Ⓒ $5^5$ Ⓓ $5^{10}$

**Solve** টেলিফোন সংযোগ সংখ্যা $= n^r$

5 অঙ্কবিশিষ্ট টেলিফোন সংযোগ সংখ্যা $= 10^5 = 100000$

**16.** ${}^nC_r + {}^nC_{r-1}$ এর সমান কোনটি? [BAU : 10-11,01-02,SAU : 16-17]

Ⓐ ${}^nC_{r-1}$ Ⓑ ${}^{n+1}C_r$ Ⓒ ${}^nC_r$ Ⓓ ${}^{n+1}C_{r+1}$

**Solve** ${}^nC_r + {}^nC_{r-1} = {}^{n+1}C_r$

**17.** ${}^nC_1 + {}^nC_2 + {}^nC_3 + \ldots\ldots + {}^nC_n$ এর মান কোনটি? [BAU : 10-11,03-04]

Ⓐ $2^n$ Ⓑ $2^n-1$ Ⓒ $2^n+1$ Ⓓ $2^n-2$

**Solve** ${}^nC_1 + {}^nC_2 + {}^nC_3 + \ldots\ldots + {}^nC_n = 2^n - 1$

**18.** ${}^nC_{12} = {}^nC_8$ হলে n এর মান কত? [BAU : 09-10,07-08,SAU : 06-07]

Ⓐ 20 Ⓑ 12 Ⓒ 8 Ⓓ 1

**Solve** ${}^nC_{12} = {}^nC_8 \Rightarrow n = 12 + 8 = 20$

**19.** 0, 1, 2, 3 দ্বারা চার অঙ্কের কতগুলি সংখ্যা গঠন করা যেতে পারে? [BAU : 09-10]

Ⓐ 256 Ⓑ 27 Ⓒ 229 Ⓓ 18

**Solve** চার অংকের গঠিত সংখ্যা $= 4! - 3! = 18$টি।

**20.** n জোড় সংখ্যা হলে ${}^nC_r$ এর মান বৃহত্তম হবে যখন- [BAU : 08-09,SAU : 11-12]

Ⓐ $r = 2n$ Ⓑ $r = 0$ Ⓒ $r = \frac{n}{2}$ Ⓓ কোনোটিই নয়

**Solve** n জোড় সংখ্যা হলে ${}^nC_r$ এর বৃহত্তম মান হবে যখন $r = \frac{n}{2}$

**21.** স্বরবর্ণগুলিকে পাশাপাশি না রেখে AGRICULTURE শব্দের অক্ষরগুলিকে কতভাবে সাজানো যাবে? [BAU : 08-09]

Ⓐ 720 Ⓑ 960 Ⓒ 360 Ⓓ 450

**Solve** A G R I C U L T U R E

এখানে স্বরবর্ণ আছে 5 টি

এক্ষেত্রে স্বরবর্ণ গুলোকে পাশাপাশি না রেখে $\frac{11!}{2!2!} - \frac{7!}{2!} \times \frac{5!}{2!} = 720$ উপায়

**22.** 10 জন পুরুষ ও 6 জন মহিলা থেকে 6 জন পুরুষ ও 4 জন মহিলা সম্বলিত কতগুলো কমিটি গঠন সম্ভব? [BAU : 07-08]

Ⓐ ${}^{16}C_{10} \times {}^{10}C_6 \times {}^6C_4$ Ⓑ ${}^{10}C_6 \times {}^6C_4$

Ⓒ ${}^{10}C_6 + {}^6C_4$ Ⓓ কোনোটিই নয়

**Solve** কমিটি গঠন $= {}^{10}C_6 \times {}^6C_4$

**23.** 12 বাহুবিশিষ্ট একটি সমতল ক্ষেত্রের কৌণিক বিন্দুগুলোর সংযোজক রেখা দ্বারা গঠিত ত্রিভুজের সংখ্যা কত হবে? [BAU : 07-08,SAU : 17-18,PSTU : 06-07]

Ⓐ 20 Ⓑ 120 Ⓒ 66 Ⓓ 220

**Solve** ত্রিভুজ সংখ্যা $= {}^{12}C_3 = 220$

**24.** কোনো পরিষদে 1 জন সভাপতি, 3 জন সহ-সভাপতি ও 20 জন সাধারণ সদস্য রয়েছে। সভাপতি কে নিয়ে 1 জন সহ-সভাপতি ও 5 জন সাধারণ সদস্য নিয়ে কয়টি উপকমিটি গঠন করা যাবে? [BAU : 06-07]

Ⓐ 120 Ⓑ 3420 Ⓒ 105 Ⓓ কোনটিই নয়

**Solve** গঠিত উপকমিটির সংখ্যা $= {}^1C_1 \times {}^3C_1 \times {}^{20}C_5 = 46512$

**25.** ${}^nC_n$ এর মান কত $(n \in N)$ [BAU : 05-06]

Ⓐ 0 Ⓑ N Ⓒ 1 Ⓓ $\frac{n}{2}$

**Solve** ${}^nC_n = \frac{n!}{n!(n-n)!} = \frac{n!}{n!0!} = \frac{1}{1.1} = 1$

**26.** 1,2,3 এবং 4 এই চারটি অঙ্ক দ্বারা চার অঙ্ক বিশিষ্ট কতগুলি সংখ্যা গঠন করা যাবে? [BAU : 05-06]

Ⓐ $\lfloor 4$ Ⓑ $4^4 - 1$ Ⓒ $4^4$ Ⓓ $4^{-1}$

**Solve** 1, 2, 3, 4 দ্বারা গঠিত অঙ্কগুলির সংখ্যা 4!

**27.** ময়মনসিংহ হতে ঢাকায় 7 টি ভিন্ন ভিন্ন বাস যাতায়ত করে। একজন লোক কত সংখ্যক উপায়ে ময়মনসিংহ ফিরে আসতে পারবেন। যদি যাবার সময় তিনি যে বাস ব্যবহার করেছেন ফেরার সময় ঐ বাস ব্যবহার না করেন। [BAU : 03-04]

Ⓐ 49 Ⓑ 42 Ⓒ 56 Ⓓ 36

**Solve** যাতায়াত $= n(n-1) = 7(7-1) = 42$ উপায়ে।

**28.** 5 জন লোককে যত উপায়ে একটি গোল টেবিলে বসানো যায় তা হলো- [BAU : 03-04]

Ⓐ 5! Ⓑ $5^5$ Ⓒ $(5-1)!$ Ⓓ $5+1$

**Solve** 5 জন লোককে একটি গোলটেবিলে $(5-1)!$ উপায়ে বসানো যায়।

**29.** নিম্নের কোন বিবৃতিটি সত্য? [BAU : 02-03]

Ⓐ ${}^nC_r \lfloor r = {}^nP_r$ Ⓑ ${}^nP_r \lfloor r = {}^nC_r$ Ⓒ $\frac{{}^nC_r}{(r+1)!} = {}^nP_r$ Ⓓ $\frac{{}^nC_r}{{}^nP_r} = \frac{1}{r}$

**Solve** ${}^nC_r \lfloor r = {}^nP_r$

**30.** 1,2,3,4 এবং 5 দ্বারা চার অংকের কতগুলি সংখ্যা তৈরি করা যাবে? [BAU : 02-03]

Ⓐ 625 Ⓑ 600 Ⓒ 125 Ⓓ কোনোটিই নয়

**Solve** 1, 2, 3, 4, 5 দ্বারা চার অঙ্কের গঠিত অংক সংখ্যা $= {}^5P_4 = 120$

**31.** n যুগ্ম সংখ্যা হলে ${}^nC_r$ এর মান সর্বোচ্চ হবে যখন- [BAU : 02-03]

Ⓐ $n = 2r$ Ⓑ $r = 2n$ Ⓒ $n = r$ Ⓓ $n = r + 1$

**Solve** n যুগ্ম সংখ্যা হলে ${}^nC_r$ এর মান সর্বোচ্চ হবে যখন $n = 2r$

**32.** ${}^5C_0 + {}^5C_1 + {}^5C_2 + {}^5C_3 + {}^5C_4 + {}^5C_5$ এর মান কত? [BAU : 00-01,SAU : 14-15]

Ⓐ 32 Ⓑ 33 Ⓒ 31 Ⓓ অসীম

**Solve** সূত্র: ${}^nC_0 + {}^nC_1 + {}^nC_2 + {}^nC_3 + \ldots\ldots + {}^nC_n = 2^n$

${}^5C_0 + {}^5C_1 + {}^5C_2 + {}^5C_3 + {}^5C_4 + {}^5C_5 = 2^5 = 32$

**33.** একটি গোলাকার টেবিলের চারপাশে 7 জন লোক কতভাবে বসতে পারে? [BAU : 00-01,JGVC : 13-14,PSTU : 06-07]

Ⓐ 720 Ⓑ 360 Ⓒ 5040 Ⓓ কোনোটিই নয়

**Solve** বসতে পারে $= (7-1)! = 6! = 720$ উপায়ে।

**34.** 8 জন ছাত্রের মধ্যে থেকে 2টি কমিটি (প্রত্যেক কমিটিতে 4 জন ছাত্র নিয়ে) গঠন করতে হবে। কত উপায়ে ঐ কমিটিগুলো গঠন করা যায়? [BAU : 00-01]

Ⓐ ${}^8C_2$ Ⓑ ${}^8C_4$ Ⓒ ${}^8C_6$ Ⓓ 4

**Solve** কমিটি গঠন $= {}^8C_4$

**35.** ${}^nC_r \times r!$ এর মান কত? [BAU : 00-01]

Ⓐ ${}^{n+r}C_r$ Ⓑ ${}^nC_{r+1}$ Ⓒ ${}^{n+1}P_r$ Ⓓ ${}^nP_r$

**Solve** ${}^nC_r \times r! = {}^nP_r$

## শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

**01. স্বরবর্ণগুলোকে একত্রে রেখে DIGITAL শব্দের অক্ষরগুলোকে কত উপায়ে সাজানো যায়?** [SAU : 18-19]

Ⓐ 360 Ⓑ 240 Ⓒ 180 Ⓓ 720

**Ans A Solve** DIGITAL শব্দটিতে 7টি অক্ষর আছে।
তাদের মধ্যে স্বরবর্ণ 3টি যা (IIA)
অতএব, স্বরবর্ণগুলোকে একত্রে রেখে DIGITAL শব্দটির অক্ষরগুলোর সাজানো সংখ্যা $= (7-3+1)! \times \frac{3!}{2!} = 5! \times 3 = 360$

**02. IITJU অক্ষরগুলোকে বিন্যস্ত করে যতগুলো শব্দ গঠন করা যায় তাদের মধ্যে কয়টিতে I গুলো শেষে থাকবে?** [SAU : 17-18]

Ⓐ 12 Ⓑ 6 Ⓒ 24 Ⓓ 4

**Ans C Solve** দুটি I দ্বারা শেষের ঘরটি পূর্ণ করা যায় 1 উপায়ে। অবশিষ্ট 4টি বর্ণ দ্বারা 4টি ঘর পূর্ণ করা যায় 4! উপায়ে।
∴ মোট বিন্যাস $= 1 \times 4! = 24$

**03. ${}^{n+1}C_3 = 2\,{}^nC_2$ হলে n এর মান বের কর?** [SAU : 16-17]

Ⓐ 3 Ⓑ 4 Ⓒ 5 Ⓓ 6

**Ans C Solve** ${}^{n+1}C_3 = 2\,{}^nC_2 \Rightarrow \frac{(n+1)\,n!}{3!\,(n-2)!} = 2\,\frac{n!}{21\,(n-2)!}$

$\Rightarrow \frac{(n+1)}{3 \times 2!\,(n-2)!} = 2.\frac{n!}{2!\,(n-2)!} \Rightarrow \frac{n+1}{3} = 2$

$\Rightarrow n+1 = 6 \Rightarrow n = 5$

**04. 12টি বই এর মধ্যে 5টি বই কত প্রকারে বাছাই করা যায়, যাতে নির্দিষ্ট 2টি বই সর্বদা বাদ থাকে।** [SAU : 16-17]

Ⓐ 120 Ⓑ 225 Ⓒ 252 Ⓓ 180

**Ans C Solve** বাছাই সংখ্যা $= {}^{12-2}C_5 = {}^{10}C_5 = 252$

**05. 'DHAKA' শব্দটির বর্ণগুলো থেকে প্রতিবারে 3টি বর্ণ কত উপায়ে বাছাই করা যায়?** [SAU : 15-16]

Ⓐ 9 Ⓑ 8 Ⓒ 7 Ⓓ 10

**Ans C Solve** DHAKA শব্দটি থেকে 4টি ভিন্ন বর্ণ বাছাই এর উপায় ${}^4C_3 = 4$টি
2টি A এবং বাকি 3টি বর্ণ থেকে 1টি বর্ণ বাছাই এর উপায় ${}^2C_2 \times {}^3C_1 = 3$টি
∴ মোট বাছাই সংখ্যা $= 4 + 3 = 7$টি

**06. যদি $4 \times {}^nP_3 = 2 \times {}^nP_4$ হয়, তাহলে n এর মান কত?** [SAU : 15-16]

Ⓐ 2 Ⓑ 3 Ⓒ 4 Ⓓ 5

**Ans D Solve** $\frac{{}^nP_4}{{}^nP_3} = 2 \Rightarrow \frac{4!\,{}^nC_4}{3!\,{}^nC_3} = 2 \Rightarrow 4.\frac{n-4+1}{4} = 2 \Rightarrow n = 5$

**07. একটি পঞ্চভূজের কর্ণের সংখ্যা কোনটি?** [SAU : 14-15]

Ⓐ 14 Ⓑ 15 Ⓒ 20 Ⓓ 22

**Ans Blank Solve** কর্ণের সংখ্যা $= {}^5C_2 - 5 = 5$

**08. কোনো এলাকায় তিনটি চিঠির বাক্স আছে। এক ব্যক্তি কত প্রকারে চারটি চিঠি বাক্সে ফেলতে** [SAU : 13-14]

Ⓐ ${}^4C_3$ Ⓑ 27 Ⓒ 81 Ⓓ 4

**Ans C Solve** ∴ চিঠি বাক্সে ফেলতে পারে $= 3^4 = 81$

**09. ALGEBRA শব্দটির বর্ণগুলো থেকে প্রতিবারে তিনটি করে বর্ণ নিয়ে কতগুলো ভিন্ন ভিন্ন শব্দ গঠন করা যায়?** [SAU : 12-13]

Ⓐ 135 Ⓑ 125 Ⓒ 140 Ⓓ 130

**Ans A Solve** ALGEBRA শব্দটি থেকে দুটি A ও একটি ভিন্ন বর্ণ নিয়ে গঠিত শব্দ সংখ্যা $= {}^2C_2 \times {}^5C_1 = \frac{3!}{2!} = 15$
প্রত্যেকটি ভিন্ন বর্ণ নিয়ে গঠিত শব্দ সংখ্যা $= {}^6P_3 = 120$
∴ মোট গঠিত সংখ্যা $= 120 + 15 = 135$

**10. 0! এর মান কোনটি?** [SAU : 11-12,05-06]

Ⓐ 0 Ⓑ 1 Ⓒ অসীম Ⓓ মান নেই

**Ans B Solve** $0! = 1$, [সূত্রমতে]

**11. ${}^nC_0 + {}^nC_1 + {}^nC_2 + \text{----} + {}^nC_n$ এর মান কোনটি?** [SAU : 10-11]

Ⓐ $2^n$ Ⓑ $2^n+1$ Ⓒ $2^n+1$ Ⓓ 0

**Ans A Solve** ${}^nC_0 + {}^nC_1 + {}^nC_2 + \ldots\ldots\ldots + {}^nC_n = 2^n$

**12. দিপান্বিতার সাতজন বান্ধবী আছে। কতভাবে সে এক বা একাধিক বান্ধবীকে নিমন্ত্রণ করতে পারবে?** [SAU : 10-11]

Ⓐ 64 Ⓑ 127 Ⓒ 154 Ⓓ 120

**Ans B Solve** নিমন্ত্রণ সংখ্যা $= 2^7 - 1 = 127$

**13. ${}^nC_0$ এর মান কোনটি?** [SAU : 09-10]

Ⓐ 1 Ⓑ 0 Ⓒn Ⓓ n/2

**Ans A Solve** ${}^nC_0 = \frac{n!}{0!(n-0)!} = \frac{n!}{1 \times n!} = 1$

**14. SHEREBANGLA শব্দটির বর্ণগুলোকে একত্রে নিয়ে সাজানো যায় কত প্রকারে?** [SAU : 09-10]

Ⓐ 9! Ⓑ $\frac{11!}{2\times2}$ Ⓒ $9! \times 2 \times 2$ Ⓓ $11! \times 2$

**Ans B Solve** ∴ সাজানো সংখ্যা $= \frac{11!}{2!\times2!} = \frac{11!}{2\times2}$

**15. একটি নবভূজের কর্ণের সংখ্যা কত?** [SAU : 08-09]

Ⓐ 27 Ⓑ 36 Ⓒ 45 Ⓓ 81

**Ans A Solve** ∴ কর্ণের সংখ্যা $= {}^9C_2 - 9 = 27$

**16. – 1, – 2, 0, 1, 2, 3, 4, 5 অঙ্কগুলোর সাহায্যে যা গঠন করা যায় না তা হচ্ছে-** [SAU : 07-08]

Ⓐ নির্ণায়ক Ⓑ ম্যাট্রিক্স Ⓒ সেট Ⓓ আট অঙ্ক বিশিষ্ট সংখ্যা

**Ans D Solve** –1, –2, 0, 1, 2, 3, 4, 5 এই অঙ্কগুলোর সাহায্যে আট অঙ্ক বিশিষ্ট সংখ্যা গঠন করা যায় না।

**17. টেলিফোন ডায়ালে 0 হতে 9 পর্যন্ত লেখা থাকে। যদি কক্সবাজার শহরের টেলিফোনগুলো 5 অঙ্কবিশিষ্ট হয়, তবে ঐ শহরে কত টেলিফোন সংযোগ দেয়া যাবে?** [SAU : 05-06]

Ⓐ 1000 Ⓑ 10000 Ⓒ 100000 Ⓓ 1000000

**Ans C Solve** টেলিফোন সংযোগ $= 10^5 = 100000$

**18. 4 জন শিক্ষিকা ও 6 জন শিক্ষকের মধ্য হতে 4 জন সদস্য বিশিষ্ট একটি উপকমিটি কত প্রকারে গঠন করা যাবে, যাতে একজন নির্দিষ্ট শিক্ষক সর্বদাই অন্তর্ভূক্ত হবেন?** [SAU : 04-05]

Ⓐ 504 Ⓑ 210 Ⓒ 84 Ⓓ 125

**Ans C Solve** মোট শিক্ষিকা 4 জন এবং শিক্ষক 6 জন। কমিটি 4 সদস্যবিশিষ্ট
একজন নির্দিষ্ট শিক্ষক সর্বদাই কমিটিতে থাকবে।
∴ মোট বিন্যাস সংখ্যা
$= {}^4C_3 \times {}^5C_0 + {}^4C_2 \times {}^5C_1 + {}^4C_1 \times {}^5C_2 + {}^4C_0 \times {}^5C_3 = 84$

**19. 16 বাহু বিশিষ্ট একটি বহুভুজের কতগুলো কর্ণ আছে?** [SAU : 04-05]

Ⓐ 104 Ⓑ 100 Ⓒ 102 Ⓓ 120

**Ans A Solve** কর্ণের সংখ্যা $= {}^{16}C_2 - 16 = 120 - 16 = 104$ টি

## সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়

**01. একটি গোলাকার টেবিলের চারপাশে 8 জন লোক কতভাবে বসতে পারে?** [SylAU:18-19]

Ⓐ 5040 Ⓑ 360 Ⓒ 740 Ⓓ 40320

**Ans A Solve** বসবার সংখ্যা $= (8-1)! = 5040$

**02. দশভুজের শীর্ষবিন্দুগুলো যোগ করে কতগুলো ত্রিভুজ তৈরি করা যাবে?** [SylAU:17-18]

Ⓐ 110 Ⓑ 130 Ⓒ 100 Ⓓ 120

**Ans D Solve** ত্রিভুজের সংখ্যা $= {}^{10}C_3 = 120$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**03.** $^nP_3 + {}^nC_3 = 70$ হলে, n এর সমান কোনটি? [SylAU : 17-18]

Ⓐ 3 Ⓑ 4 Ⓒ 5 Ⓓ 6

**Solve** $^nP_3 + {}^nC_3 = 70$

$\Rightarrow \lfloor 3 \cdot {}^nC_3 + {}^nC_3 = 70 \Rightarrow {}^nC_3 \left(\lfloor 3 + 1\right) = 70$

$\Rightarrow {}^nC_3 (6 + 1) = 70 \Rightarrow {}^nC_3 = 10 \Rightarrow n = 5 \quad [\because {}^5C_3 = 10]$

**04.** $^nP_r = 240$ এবং $^nC_r = 120$ হলে r এর মান কোনটি? [SylAU : 15-16]

Ⓐ 2 Ⓑ 3 Ⓒ 4 Ⓓ 5

**Solve** $\frac{^nP_r}{^nC_r} = 2 \Rightarrow \frac{r!\,{}^nC_r}{^nC_r} = 2 \Rightarrow r! = 2! \Rightarrow r = 2$

**05.** রহিম ও রাফির যথাক্রমে 8 টি ও 10 টি বই আছে। কত প্রকারে তারা একটির পরিবর্তে একটি বই বিনিময় করতে পারবে? [SylAU : 12-13]

Ⓐ 100 Ⓑ 80 Ⓒ 120 Ⓓ 60

**Solve** বিনিময় $= {}^8C_1 \times {}^{10}C_1 = 8 \times 10 = 80$

**06.** সিমুর 5 জন বান্ধবী আছে। সে তার এক বা একাধিক বান্ধবীকে কত ভাবে দাওয়াত করে খাওয়াতে পারবে? [SylAU : 11-12]

Ⓐ 30 Ⓑ 31 Ⓒ 32 Ⓓ 33

**Solve** দাওয়াত $= 2^5 - 1 = 31$

**07.** 4 জন ছাত্র এবং 2 জন ছাত্রীকে এক সারিতে কত উপায়ে বসানো যাবে যাতে দুইজন ছাত্রী সর্বদাই পাশাপাশি থাকে? [SylAU : 11-12]

Ⓐ 120 Ⓑ 240 Ⓒ 720 Ⓓ 24

**Solve** বসানোর উপায় $= 5! \times 2! = 240$

**08.** একটি সভায় উপস্থিত 7 জন সদস্য প্রত্যেকে প্রত্যেকের সাথে হ্যান্ডশেক করলে হ্যান্ডশেকের মোট সংখ্যা হবে– [SylAU : 09-10]

Ⓐ 21 Ⓑ 20 Ⓒ 49 Ⓓ 7

**Solve** হ্যান্ডশেক $= {}^7C_2 = 21$

**09.** AGRICULTURE শব্দটির অক্ষরগুলো কতভাবে সাজানো যায়? [SylAU : 09-10,08-09]

Ⓐ 9979200 Ⓑ 9984400 Ⓒ 9916800 Ⓓ 9977200

**Solve** AGRICULTURE মোট 11টি অক্ষর যার মধ্যে R, 2টি; U, 2টি।

∴ শব্দটি সবগুলো অক্ষরকে একত্রে নিয়ে সাজানো সংখ্যা $= \frac{11!}{2!2!} = 9979200$

## খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়

**01.** "CALCULUS" শব্দটির বর্ণগুলোর সবগুলো একত্রে নিয়ে কত প্রকারে সাজানো যায়? [KAU:18-19]

Ⓐ 500 Ⓑ 5040 Ⓒ 540 Ⓓ 4000

**Solve** সাজানো $= \frac{8!}{2!.2!.2!} = 5040$

## ঝিনাইদহ সরকারি ভেটেরিনারি কলেজ

**01.** DOCTOR শব্দটির বর্ণগুলো প্রতিবার 4টি অক্ষর নিলে মোট সমাবেশ সংখ্যা কত হবে? [JGVC : 19-20]

Ⓐ 10 Ⓑ 11 Ⓒ 12 Ⓓ 13

**Solve** DOCTOR শব্দটিতে O আছে দুটি বাকি 4টি ভিন্ন,
নিম্নোক্ত উপায়ে বাছাই করা যাবে-

i) 2টি O ও অপর দুটি ভিন্ন এরূপ বাছাই সংখ্যা $= {}^2C_2 \times {}^4C_2 = 6$

ii) 1টি O ও অপর তিনটি ভিন্ন এরূপ বাছাই সংখ্যা $= 1 \times {}^4C_3 = 4$

iii) O বাদে সবগুলোই ভিন্ন এরূপ বাছাই সংখ্যা $= {}^4C_4 = 1$

∴ মোট বাছাই সংখ্যা $= 6 + 4 + 1 = 11$

**02.** একটি ক্রিকেট টিমের 15 জন খেলোয়াড় হতে 11 জনের দল গঠন করা যায়? [JGVC : 18-19]

Ⓐ 1365 উপায়ে Ⓑ 2730 উপায়ে
Ⓒ 4095 উপায়ে Ⓓ 5460 উপায়ে

**Solve** ক্রিকেট টিমের দলগঠন $= {}^{15}C_{11} = {}^{15}C_4 = 1365$

**03.** VETERINARY শব্দটির বর্ণগুলোকে একত্রে নিয়ে কত প্রকারে সাজানো যায়? [JGVC : 18-19]

Ⓐ 607200 Ⓑ 707200 Ⓒ 807200 Ⓓ 907200

**Solve** সাজানো সংখ্যা $= \frac{10!}{2!2!} = 907200$

**04.** JHENIDAH শব্দটির বর্ণগুলোকে একত্রে নিয়ে কত প্রকারে সাজানো যায়? [JGVC : 17-18]

Ⓐ 13440 Ⓑ 20160 Ⓒ 40320 Ⓓ 26880

**Solve** ∴ নির্ণেয় সাজানো সংখ্যা $= \frac{8!}{2!} = 20160$

**05.** $4 \times {}^nP_3 = 5 \times {}^{n-1}P_3$ হলে, n এর মান কত? [JGVC : 15-16]

Ⓐ 13 Ⓑ 14 Ⓒ 15 Ⓓ 16

**Solve** $4 \times {}^nP_3 = 5 \times {}^{n-1}P_3$

$\Rightarrow 4 \times n(n-1)(n-2) = 5 \times (n-1)(n-2)(n-3)$

$\Rightarrow 4n = 5(n-3) \Rightarrow 5n - 15 = 4n \Rightarrow n = 15$

**06.** একটি অষ্টভুজের কর্ণের সংখ্যা কোনটি? [JGVC,CVASU : 14-15]

Ⓐ 20 Ⓑ 34 Ⓒ 28 Ⓓ 22

**Solve** কর্ণের সংখ্যা $= {}^8C_2 - 8 = 28 - 8 = 20$

**07.** 0,7,8,9,অংক চারটি দ্বারা চার অংকবিশিষ্ট কতটি সংখ্যা গঠন করা যায়? [JGVC : 13-14,CVASU : 10-11]

Ⓐ 18 Ⓑ 227 Ⓒ 27 Ⓓ কোনোটিই নয়

**Solve** সংখ্যা গঠন $= {}^4P_4 - {}^3P_3 = 18$

## চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়

**01.** "MATHEMATICS" শব্দটির বর্ণগুলোকে মোট কত প্রকারে সাজানো যায়, যেখানে স্বরবর্ণগুলো একত্রে থাকবে? [CVASU : 18-19]

Ⓐ 120960 Ⓑ 129060 Ⓒ 15000 Ⓓ 120060

**Solve** MATHEMATICS মোট - বর্ণ সংখ্যা = 11টি

এদের মধ্যে স্বরবর্ণ (AAEI) 4টি যার মধ্যে 2টি A

∴ ব্যঞ্জনবর্ণ সংখ্যা (MMTTHCS) 7টি যার মধ্যে 2টি M এবং 2টি T

∴ স্বরবর্ণগুলোকে একটি বর্ণ মনে করে নিয়ে সাজানো সংখ্যা

$= \frac{(11 - 4 + 1)!}{2!\,2!} \times \frac{4!}{2!} = 120960$

**02.** যদি $^{18}C_r = {}^{18}C_{r+2}$ হয়, r = কত? [CVASU : 18-19]

Ⓐ 5 Ⓑ 6 Ⓒ 7 Ⓓ 8

**Solve** $^{18}C_r = {}^{18}C_{r+2} \Rightarrow r + r + 2 = 18 \Rightarrow 2r = 16 \Rightarrow r =$

**03.** DIGITAL শব্দটির বর্ণগুলোকে মোট কত প্রকারে সাজানো যায় যেখানে স্বরবর্ণগুলো একত্রে থাকবে? [CVASU : 17-18]

Ⓐ 180 Ⓑ 360 Ⓒ 80 Ⓓ 240

**Solve** DIGITAL শব্দটিতে মোট বর্ণ 7 টি। এদের মধ্যে স্বরবর্ণ (IIA) 3টি, যাদের মধ্যে 2টি I.

∴ নির্ণেয় সাজানো সংখ্যা $= 5! \times \frac{3!}{2!} = 360$

**04.** 11 টি বাহুবিশিষ্ট বহুভূজের কর্ণের সংখ্যা কতটি? [CVASU : 16-17]

Ⓐ 44 Ⓑ 66 Ⓒ 55 Ⓓ 60

**Solve** কর্ণের সংখ্যা $= {}^{11}C_2 - 11 = 55 - 11 = 44$

**05.** 1, 2, 3, 4 দ্বারা গঠিত 2000 এর চেয়ে বৃহত্তর যুগ্ম সংখ্যা হবে– [CVASU : 13-14]

Ⓐ 24 Ⓑ 8 Ⓒ 6 Ⓓ 2

**Solve** একক স্থানে 2 রেখে গঠিত সংখ্যা $= 3! = 6$ টি

কিন্তু প্রথমে 1 এসে গঠিত সংখ্যা $= 2! = 2$টি।

∴ এককস্থানে 2 রেখে নির্ণেয় সংখ্যা $= 6 - 2 = 4$ টি

অনুরূপে, একক স্থানে 4 রেখা সংখ্যা $= 4$ টি

মোট সংখ্যা $= 4 + 4 = 8$ টি

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

06. 5, 6, 7, 8 এবং 9 দ্বারা তিন অঙ্কের কতগুলি সংখ্যা তৈরি করা যায়? [CVASU: 13-14]
Ⓐ 25 Ⓑ 124 Ⓒ 125 Ⓓ 625
Ans C Solve $P^r = 5^3 = 125$

07. 6, 7, 8, 9 দ্বারা চার অংক বিশিষ্ট কতগুলি সংখ্যা গঠন করা যাবে? [CVASU : 12-13]
Ⓐ 24 Ⓑ 23 Ⓒ 22 Ⓓ 25
Ans A Solve সংখ্যা গঠনের উপায় = 4! = 24

08. একটি বিদ্যালয়ের পরিচালনা কমিটিতে 4 জন পুরুষ সদস্য ও 3 জন মহিলা সদস্য আছেন। শুধু পুরুষ অথবা শুধু মহিলা সদস্য নিয়ে 2 সদস্যবিশিষ্ট কত গুলি উপকমিটি গঠন করা যায়? [CVASU : 12-13]
Ⓐ 9 Ⓑ 6 Ⓒ 12 Ⓓ 18
Ans A Solve কমিটি গঠন = $^4C_2 + {}^3C_2 = 9$

09. $^nC_{49} = {}^nC_{51}$ হলে $^nC_{99}$ এর মান কত? [CVASU : 11-12]
Ⓐ 49 Ⓑ 98 Ⓒ 100 Ⓓ 99
Ans C Solve $^nC_{49} = {}^nC_{51} \Rightarrow n = 49 + 51 = 100$
$\therefore {}^nC_{99} = {}^{100}C_{99} = {}^{100}C_1 = 100$

## সিরাজগঞ্জ সরকারি ভেটেরিনারি কলেজ

01. AMERICA শব্দটি বর্ণগুলোকে একত্রে নিয়ে কতপ্রকারে সাজানো যায়? [SGVC: 19-20]
Ⓐ 2250 Ⓑ 2520 Ⓒ 5520 Ⓓ 2200
Ans B Solve একত্রে নিয়ে সাজানো যায় = $\frac{\lfloor 7}{\lfloor 2} = 2520$

02. 20 বাহু বিশিষ্ট একটি বহুভুজ থেকে কতটি কর্ণ পাওয়া যায়? [SGVC: 19-20]
Ⓐ 170 Ⓑ 160 Ⓒ 120 Ⓓ 110
Ans A Solve কর্ণ = $^{20}C_2 - 20 = 190 - 20 = 170$

## পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. 10 টি বইয়ের মধ্যে 4 টি বই কত প্রকার বাছাই করা যায়, যাতে নির্দিষ্ট দুটি বই সর্বদা থাকবে? [PSTU:16-17]
Ⓐ 210 Ⓑ 70 Ⓒ 45 Ⓓ 28
Ans D Solve বাছাই = $^{10-2}C_{4-2} = {}^8C_2 = 28$

02. 0,1,2,3,4,5 অঙ্কগুলো দ্বারা ছয় অংক বিশিষ্ট সংখ্যা গঠন করা যায়- [PSTU:15-16]
Ⓐ 610 Ⓑ 600 Ⓒ 560 Ⓓ 500
Ans B Solve সংখ্যা গঠন = 6! – 5! = 600

03. $^nP_r$ এ n ও r এর সম্পর্কের ক্ষেত্রে সঠিক-[PSTU:15-16]
Ⓐ $r < n$ Ⓑ $r \le n$ Ⓒ $n \le r$ Ⓓ $n < r$ Ans B

04. $^4C_1 + {}^4C_2 + {}^4C_3 + {}^4C_4$ এর মান কত? [PSTU:13-14,12-13]
Ⓐ 16 Ⓑ 15 Ⓒ 32 Ⓓ 31
Ans B Solve $^4C_1 + {}^4C_2 + {}^4C_3 + {}^4C_4$
$= 2^4 - 1$ [$^nC_0 + {}^nC_1 + {}^nC_2 + .... + {}^nC_n = 2^n$]
$= 16 - 1 = 15$

05. একটি গোল টেবিলের চারপাশে 5 জন লোককে কতভাবে বসানো যাবে? [PSTU : 13-14]
Ⓐ 23 Ⓑ 24 Ⓒ 25 Ⓓ 22
Ans B Solve $(n-1)! = (5-1)! = 4! = 24$

06. $n \in N$ হলে $^nC_0$ এর মান নির্ণয় কর। [PSTU : 13-14]
Ⓐ n! Ⓑ (n – 1)! Ⓒ (n + 1)! Ⓓ 1
Ans D Solve $^nC_0 = \frac{\lfloor n}{\lfloor 0 \ \lfloor n-0} = \frac{\lfloor n}{\lfloor n} = 1$

07. $m \in N$ হলে $^mC_m$ এর মান নির্ণয় কর। [PSTU : 13-14]
Ⓐ m! Ⓑ (m – 1)! Ⓒ 1 Ⓓ 2
Ans C Solve $^mC_m = \frac{\lfloor m}{\lfloor m \ \lfloor m-m} = \frac{\lfloor m}{\lfloor m \ \lfloor 0} = \frac{\lfloor m}{\lfloor m} = 1$

08. যদি $^nC_3 = {}^nC_4$ হয় তবে $^nC_5$ এর মান নির্ণয় কর। [PSTU : 12-13]
Ⓐ 42 Ⓑ 21 Ⓒ 30 Ⓓ 60
Ans B Solve $^nC_3 = {}^nC_4 \Rightarrow n = 3 + 4 = 7$
$\therefore {}^nC_5 = {}^7C_5 = 21$

09. সপ্তভূজের কৌণিক বিন্দুগুলো যোগ করলে কতগুলো ত্রিভুজ পাওয়া যায়? [PSTU : 12-13]
Ⓐ 33 Ⓑ 34 Ⓒ 35 Ⓓ 36
Ans C Solve ত্রিভুজ = $^7C_3 = 35$

10. রহিমের 10 বন্ধু আছে। কতভাবে সে এক বা একাধিক বন্ধুকে দাওয়াত করতে পারবে? [PSTU : 12-13]
Ⓐ $20^{10}$ Ⓑ $2^{10} + 1$ Ⓒ $2^{10} - 1$ Ⓓ $2^{10} - 2$ Ans C

11. $^{16}C_r$ এর মান সর্বোচ্চ হবে যখন r হবে: [PSTU : 11-12]
Ⓐ 16 Ⓑ 0 Ⓒ 8 Ⓓ <16 Ans C

12. রহিমের 6 জন বন্ধু আছে। সে তার বন্ধুদের এক অথবা একাধিক জনকে মোট কত ভাগে দাওয়াত করতে পারবে? [PSTU : 11-12]
Ⓐ 64 Ⓑ 63 Ⓒ 32 Ⓓ 65
Ans B Solve দাওয়াত = $2^6 - 1 = 63$

13. $^{18}C_r$ এর মান সর্বোচ্চ হবে কখন? [PSTU : 11-12]
Ⓐ r = 18 Ⓑ r = 0 Ⓒ r = 9 Ⓓ r = 10 Ans C

14. $^nC_n$ এর মান কত হবে যদি $n \in N$ হয়? [PSTU : 11-12]
Ⓐ < n Ⓑ 0
Ⓒ 1 Ⓓ কোনোটিই নয় Ans C

15. P সংখ্যক বাহুবিশিষ্ট একটি বহুভুজের কর্ণের সংখ্যা কত? [PSTU : 10-11]
Ⓐ $^PC_2 + P$ Ⓑ ∠P Ⓒ $^PC_2 - 1$ Ⓓ $^PC_2 - P$
Ans D Solve কর্ণের সংখ্যা = $^PC_2 - P$

16. CALCULUS শব্দটির বর্ণগুলির সবগুলোকে একত্রে নিয়ে কত প্রকারে সাজানো যায়? [PSTU : 06-07]
Ⓐ 500 Ⓑ 5040 Ⓒ 540 Ⓓ 4000
Ans B Solve $\frac{\lfloor 8}{\lfloor 2 \ \lfloor 2 \ \lfloor 2} = 5040$

17. $^nC_5 = {}^nC_7$ হলে $^nC_n$ এর মান কত? [PSTU : 06-07]
Ⓐ 35 Ⓑ 2
Ⓒ 1 Ⓓ 4 Ans C

18. একটি দশভুজের কৌণিক বিন্দুগুলো সংযোজন করে কতগুলি ত্রিভুজ পাওয়া যাবে? [PSTU : 04-05]
Ⓐ 120 Ⓑ 240 Ⓒ 360 Ⓓ 480
Ans A Solve ত্রিভুজ = $^{10}C_3 = 120$

19. প্রত্যেক অংককে প্রত্যেক সংখ্যায় একবার মাত্র নিয়ে 0,1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9 অংকগুলো দ্বারা 1000 অপেক্ষা ক্ষুদ্রতর এবং 5 দ্বারা বিভাজ্য কতগুলো সংখ্যা গঠন করা যাবে- [PSTU : 02-03]
Ⓐ 154 Ⓑ 135 Ⓒ 150 Ⓓ 145 Ans A

20. PARTICIPATION শব্দটির অক্ষরগুলোকে মোট কত রকমে সাজানো যায়? [PSTU : 00-01]
Ⓐ 12972960 Ⓑ 12792906
Ⓒ 129729600 Ⓓ 21979260
Ans C Solve $\frac{13!}{2!\,2!\,2!\,3!} = 129729600$

**21.** ${}^nP_r = 336$ এবং ${}^nC_r = 56$ হলে r এর মান হলো- [PSTU : 00-01]

Ⓐ 3 Ⓑ 6 Ⓒ 4 Ⓓ 8

**Ans A Solve** ${}^nP_r = 336 \Rightarrow r!\ {}^nC_r = 336 \Rightarrow r! \times 56 = 336$
$\Rightarrow r! = 6 \Rightarrow r! = 3!\ \therefore r = 3$

## বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদ

**01.** PERMUTATION শব্দটির বর্ণগুলোর মধ্যে স্বরবর্ণের অবস্থান পরিবর্তন না করে বর্ণগুলোকে যত রকমে পুনরায় সাজানো যেতে পারে তার সংখ্যা- [RU: 19-20]

Ⓐ 360 Ⓑ 359 Ⓒ 361 Ⓓ 349

**Ans B Solve** PERMUTATION শব্দটিতে স্বরবর্ণ ব্যতিত ব্যঞ্জনবর্ণের সংখ্যা 6 যার মধ্যে T, 2টি। অতএব, স্বরবর্ণের অবস্থান পরিবর্তন না করে 6টি ব্যঞ্জনবর্ণের সাজানো সংখ্যা $= \frac{6!}{2!} = 360$

পুনর্বিন্যাস $= 360 - 1 = 359$

**02.** ADMISSION শব্দটির A ও D কে দুই প্রান্তে রেখে কত প্রকারে সাজানো যেতে পারে? [KU: 19-20]

Ⓐ 2020 Ⓑ 2025 Ⓒ 2520 Ⓓ 2525

**Ans C Solve** A ও D কে দুই প্রান্তে ${}^2P_2 = 2!$ প্রকারে রাখা যাবে। বাকি MISSION বা M(II)(SS)ON 7টি বর্ণের সাজানো সংখ্যা $= \frac{7!}{2!2!}$

$\therefore$ A ও D কে দুই প্রান্তে রেখে ADMISSION শব্দটির বর্ণগুলোর সাজানো সংখ্যা $= \frac{7!}{2!2!} \times 2! = \frac{7!}{2!} = 2520$

# Part 3 SELF TEST

**01.** COURAGE শব্দটির বর্ণগুলি নিয়ে কতগুলি বিন্যাস সংখ্যা নির্ণয় করা যায় যেন প্রত্যেক বিন্যাসের প্রথমে একটি স্বরবর্ণ থাকে-

Ⓐ 720 Ⓑ 2880 Ⓒ 180 Ⓓ 5040

**02.** 3, 5, 7, 8, 9 অঙ্কগুলি এক বা একাধিক বার না ব্যবহার করে 7000 থেকে বড় চার অঙ্ক বিশিষ্ট কতগুলি সংখ্যা গঠন করা যায়–

Ⓐ 27 Ⓑ 81 Ⓒ 72 Ⓓ 56

**03.** 'ASSASSINATION' শব্দটির অক্ষরগুলো দিয়ে কতটি বিন্যাস তৈরি করা যায় তার সংখ্যা নিরূপণ কর?

Ⓐ 13! Ⓑ $\frac{13}{3!}$ Ⓒ $\frac{13}{3!4!2!}$ Ⓓ $\frac{13!}{36\times16}$

**04.** ${}^nP_3 \times 5 = {}^nP_4$ হলে, n এর মান কত?

Ⓐ 8 Ⓑ 6 Ⓒ 10 Ⓓ 18

**05.** FACEBOOK শব্দের বর্ণ হতে প্রতিবারে 4 টি বর্ণ নিয়ে কতগুলো শব্দ তৈরি করা যায়?

Ⓐ 1020 Ⓑ 1000 Ⓒ 720 Ⓓ কোনোটিই নয়

**06.** ${}^6P_4$ এর মান কত?

Ⓐ 15 Ⓑ 360 Ⓒ 25 Ⓓ 160

**07.** 14 জন ফুটবল খেলোয়াড় থেকে কয়জন খেলোয়াড় নিয়ে গঠিত সমাবেশ সংখ্যা ও বিন্যাস সংখ্যা সমান হবে?

Ⓐ 1 Ⓑ 2 Ⓒ 11 Ⓓ 13

**08.** বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় 4 জন ছেলে ও 2 জন মেয়েকে এক সারিতে বসানো হবে। কতভাবে বসানো সম্ভব যেন মেয়ে দুজন সবসময় পাশাপাশি বসে?

Ⓐ 60 Ⓑ 120 Ⓒ 240 Ⓓ 360

**09.** ${}^nP_r$ এর জন্য কোনটি সঠিক?

Ⓐ $r \geq n$ Ⓑ $r \leq n$ Ⓒ $n \leq r$ Ⓓ $n < r$

**10.** ${}^nP_4 = 12\ {}^nP_2$ হলে, n এর মান–

Ⓐ 7 Ⓑ 6 Ⓒ 5 Ⓓ 4

**11.** GOPALGONJ শব্দটির স্বরবর্ণগুলোকে একত্রে রেখে কত প্রকারে সাজানো যায়?

Ⓐ 7560 Ⓑ 15120 Ⓒ 30240 Ⓓ 90720

**12.** 1, 2, 4, 6, 8, 9 অঙ্কগুলো পুনরাবৃত্তি সহ ব্যবহার করে তিন অঙ্কের কতগুলো সংখ্যা বানানো যাবে?

Ⓐ 216 Ⓑ 416 Ⓒ 516 Ⓓ 626

**13.** 'CHITTAGONG' এর সবগুলো অক্ষর ব্যবহার করে বিন্যাস সংখ্যা নির্ণয় কর।

Ⓐ 907208 Ⓑ 907209 Ⓒ 907200 Ⓓ 907201

**14.** নির্বাচন কমিটির 10 জন উপদেষ্টা মিটিং এর সময় তাদের প্রধান উপদেষ্টা আসন নির্দিষ্ট রেখে একটি গোল টেবিলের চারপাশে কতভাবে বসতে পারবেন?

Ⓐ $(10-1)!$ Ⓑ ${}^{10}P_9$ Ⓒ $10!$ Ⓓ $(10+1)!$

**15.** ${}^nP_r = 504$ এবং ${}^nC_r = 84$ হলে, n ও r এর মান কত?

Ⓐ 9,3 Ⓑ 3,9 Ⓒ 9,6 Ⓓ 9,1

**16.** আটজন ব্যক্তি থেকে পাঁচ সদস্যের একটি কমিটি গঠন হবে যাতে তিনজন বিশেষ ব্যক্তির সর্বাধিক একজন অন্তর্ভুক্ত থাকবে-

Ⓐ 15 Ⓑ 56 Ⓒ 16 Ⓓ 18

**17.** ${}^nC_6 = {}^nC_8$ হলে, n এর মান-

Ⓐ 2 Ⓑ 14 Ⓒ 8 Ⓓ 6

**18.** ${}^nC_4 + {}^nC_3 = 70$ হলে, n- এর মান কত?

Ⓐ 5 Ⓑ 6 Ⓒ 7 Ⓓ 4

**19.** একটি অষ্টভুজের কৌণিক বিন্দুগুলোর সংযোজক রেখা দ্বারা কমপক্ষে কতগুলো কর্ণ টানা যাবে?

Ⓐ ${}^8P_2$ Ⓑ 8 Ⓒ ${}^8P_2 - 8$ Ⓓ ${}^8C_2 - 8$

**20.** 4টি vowel থেকে 2টি এবং 5টি consonant থেকে 3টি নিয়ে 5 বর্ণের মোট কয়টি শব্দ গঠন করা সম্ভব?

Ⓐ 60 Ⓑ 120 Ⓒ 7200 Ⓓ 1200

| OMR | | | | |
|---|---|---|---|---|
| 01.ⒶⒷⒸⒹ | 02.ⒶⒷⒸⒹ | 03.ⒶⒷⒸⒹ | 04.ⒶⒷⒸⒹ | 05.ⒶⒷⒸⒹ |
| 06.ⒶⒷⒸⒹ | 07.ⒶⒷⒸⒹ | 08.ⒶⒷⒸⒹ | 09.ⒶⒷⒸⒹ | 10.ⒶⒷⒸⒹ |
| 11.ⒶⒷⒸⒹ | 12.ⒶⒷⒸⒹ | 13.ⒶⒷⒸⒹ | 14.ⒶⒷⒸⒹ | 15.ⒶⒷⒸⒹ |
| 16.ⒶⒷⒸⒹ | 17.ⒶⒷⒸⒹ | 18.ⒶⒷⒸⒹ | 19.ⒶⒷⒸⒹ | 20.ⒶⒷⒸⒹ |

| Answer | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 20.C | 19.D | 18.C | 17.B | 16.A | 15.A | 14.A | 13.C | 12.A | 11.A |
| 10.B | 09.B | 08.C | 07.A | 06.B | 05.A | 04.A | 03.D | 02.C | 01.B |

# MEDISTRY

## COLLECTION

**You'll find here everything Exactly What You Need.**

Join to our Channel to find Academic to Admission preparation

(Medical, Dental, Varsity & Engineering) All types of pdf.

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

গণিত ১ম পত্র

অধ্যায় ৬

# ত্রিকোণমিতিক অনুপাত

## Part 1 অধ্যায়টির কোন টপিককে গুরুত্ব দিবো ???

| | বিগত বছরের প্রশ্ন জরিপে গুরুত্বপূর্ণ Topics | কতটুকু গুরুত্ববহ ? |
|---|---|---|
| Topic- 01 | শটকার্ট টেকনিক | ★★★ |
| Topic- 02 | মৌলিক সূত্র ও তথ্যাবলি | ★★★★★ |
| Topic- 03 | মৌলিক পর্যায় | ★★ |
| Topic- 04 | ঘড়ির কাঁটার মধ্যবর্তী কোণ নির্ণয় | ★ |
| Topic- 05 | বৃত্তচাপের দৈর্ঘ্য ও বৃত্তকলার ক্ষেত্রফল | ★★ |
| Topic- 06 | জেনে রাখা ভালো | |

## Topic 1 শটকার্ট টেকনিক

❑ বিভিন্ন সীমার মধ্যে ত্রিকোণমিতিক অনুপাতসমূহের মান :

| ত্রিকোণমিতিক ফাংশন | $0° \le \theta \le 90°$ | $90° < \theta \le 180°$ | $180° < \theta \le 270°$ | $270° < \theta \le 360°$ |
|---|---|---|---|---|
| $\sin\theta$ | [0,1] | 1 থেকে কমে শূন্য (0) হয়। | 0 থেকে কমে –1 হয়। | (–1,0] |
| $\cos\theta$ | 1 থেকে কমে শূন্য (0) হয়। | 0 থেকে কমে –1 হয়। | (–1,0] | (0,1] |
| $\tan\theta$ | [0,∞) | (–∞,0] | (0,∞) | (–∞,0] |
| $\operatorname{cosec}\theta$ | ∞ থেকে কমে 1 হয়। | (1,∞) | (–∞,–1] | –1 থেকে কমে –∞ হয়। |
| $\sec\theta$ | [1,∞) | (–∞,–1] | –1 থেকে কমে –∞ হয়। | ∞ থেকে কমে 1 হয়। |
| $\cot\theta$ | ∞ থেকে কমে শূন্য (0) হয়। | 0 থেকে কমে –∞ হয়। | ∞ থেকে কমে শূন্য (0) হয়। | 0 থেকে কমে –∞ হয়। |

❑ ত্রিকোণমিতিক ফাংশনসমূহের ডোমেন ও রেঞ্জ:

| ফাংশন | ডোমেন | রেঞ্জ |
|---|---|---|
| $\sin\theta$ | R | [–1,1] |
| $\cos\theta$ | R | [–1,1] |
| $\tan\theta$ | $R - \{\pm(2n-1)\frac{\pi}{2}, n \in N\}$ or $R - \{(2n+1)\frac{\pi}{2}; n \in Z\}$ | R |
| $\cot\theta$ | $R - \{\pm(n-1)\pi, n \in N\}$ or $R - \{n\pi; n \in Z\}$ | R |
| $\sec\theta$ | $R - \{\pm(2n-1)\frac{\pi}{2}, n \in N\}$ or $R - \{(2n+1)\frac{\pi}{2}; n \in Z\}$ | R – (–1, 1) |
| $\operatorname{cosec}\theta$ | $R - \{\pm(n-1)\pi, n \in N\}$ or $R - \{n\pi; n \in Z\}$ | R – (–1, 1) |

## Topic 2 মৌলিক সূত্র ও তথ্যাবলি

❑ বৃত্তীয়, ষাটমূলক ও শত মূলক পদ্ধতির কোণের সম্পর্ক :

$$180° = \pi^c = 200^G \Rightarrow \frac{D}{180} = \frac{G}{200} = \frac{\theta}{\pi}$$

❑ ত্রিকোণমিতিক অনুপাতসমূহের মধ্যে সম্পর্ক :

01. $\sin\theta = \frac{1}{\operatorname{cosec}\theta}$ ; $\operatorname{cosec}\theta = \frac{1}{\sin\theta}$ ; $\sin\theta \cdot \operatorname{cosec}\theta = 1$

02. $\cos\theta = \frac{1}{\sec\theta}$ ; $\sec\theta = \frac{1}{\cos\theta}$ ; $\cos\theta \cdot \sec\theta = 1$

03. $\tan\theta = \frac{1}{\cot\theta}$ ; $\cot\theta = \frac{1}{\tan\theta}$ ; $\tan\theta \cdot \cot\theta = 1$

04. $\tan\theta = \frac{1}{\cot\theta} = \frac{\sin\theta}{\cos\theta}$

05. $\sin^2\theta + \cos^2\theta = 1$ ; $\sin^2\theta = 1 - \cos^2\theta$ ; $\cos^2\theta = 1 - \sin^2\theta$

06. $\sec^2\theta - \tan^2\theta = 1$ ; $\sec^2\theta = 1 + \tan^2\theta$ ; $\tan^2\theta = \sec^2\theta - 1$

07. $\operatorname{cosec}^2\theta - \cot^2\theta = 1$; $\operatorname{cosec}^2\theta = 1 + \cot^2\theta$ ; $\cot^2\theta = \operatorname{cosec}^2\theta - 1$

❑ ত্রিকোণমিতিক অনুপাতের মান নির্ণয়:

| 0 | 0° | 30° | 45° | 60° | 90° | 180° | 270° |
|---|---|---|---|---|---|---|---|
| $\sin\theta$ | 0 | $\frac{1}{2}$ | $\frac{1}{\sqrt{2}}$ | $\frac{\sqrt{3}}{2}$ | 1 | 0 | –1 |
| $\cos\theta$ | 1 | $\frac{\sqrt{3}}{2}$ | $\frac{1}{\sqrt{2}}$ | $\frac{1}{2}$ | 0 | –1 | 0 |
| $\tan\theta$ | 0 | $\frac{1}{\sqrt{3}}$ | 1 | $\sqrt{3}$ | ∞ | 0 | ∞ |
| $\cot\theta$ | ∞ | $\sqrt{3}$ | 1 | $\frac{1}{\sqrt{3}}$ | 0 | ∞ | 0 |
| $\sec\theta$ | 1 | $\frac{2}{\sqrt{3}}$ | $\sqrt{2}$ | 2 | ∞ | –1 | ∞ |
| $\operatorname{cosec}\theta$ | ∞ | 2 | $\sqrt{2}$ | $\frac{2}{\sqrt{3}}$ | 1 | ∞ | –1 |

### Mathematical Problems


**01. ABC একটি সমকোণী ত্রিভুজ হলে, $\cos^2A + \cos^2B + \cos^2C$ =?**

Ⓐ $\frac{1}{2}$ Ⓑ 1 Ⓒ 0 Ⓓ –1

ABS B JOYKOLY Solve

$\cos^2 90° + \cos^2 30° + \cos^2 60$

$= 0 + \frac{3}{4} + \frac{1}{4} = \frac{4}{4} = 1$




**Shortcut:** $\cos^2A + \cos^2 90° + \cos^2(90° - A) = \cos^2A + \sin^2A = 4$
$\therefore \cos 90° = 0$


**02. $\sin A = \frac{5}{13}$ এবং $\frac{\pi}{2} < A < \pi$ হলে secA এর মান কোনটি?**

Ⓐ $\frac{13}{12}$ Ⓑ $-\frac{13}{12}$ Ⓒ $-\frac{5}{12}$ Ⓓ $\frac{5}{12}$

ABS B JOYKOLY Solve

$\sin A = \frac{5}{13}$ $\therefore \sec A = -\frac{13}{12}$

$\therefore \frac{\pi}{2} < A < \pi$ সীমায় secA ঋণাত্মক।




JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**03. $\cos\theta + \sin\theta = \sqrt{2}\cos\theta$ হলে, $\cos\theta - \sin\theta$ এর মান কত?**

Ⓐ $\pm\sqrt{2}\sin\theta$ Ⓑ $2\sin\theta$ Ⓒ $\sqrt{2}\sin\theta$ Ⓓ $\sqrt{2\sin\theta}$

**Ans C Solve** $\cos\theta + \sin\theta = \sqrt{2}\cos\theta$

$\Rightarrow \sin\theta = \sqrt{2}\cos\theta - \cos\theta \Rightarrow \sin\theta = (\sqrt{2}-1)\cos\theta$

$\Rightarrow (\sqrt{2}+1)\sin\theta = (\sqrt{2}-1)(\sqrt{2}+1)\cos\theta$

$\Rightarrow \sqrt{2}\sin\theta + \sin\theta = \cos\theta \therefore \cos\theta - \sin\theta = \sqrt{2}\sin\theta$

**04. যদি $\tan\theta = \frac{5}{12}$ এবং $\cos\theta$ ধনাত্মক হয়, তবে $\frac{\sin\theta + \cos(-\theta)}{\sec(-\theta) + \tan\theta}$ এর মান হবে-**

Ⓐ $\frac{34}{39}$ Ⓑ $\frac{34}{40}$ Ⓒ $\frac{30}{39}$ Ⓓ $\frac{35}{50}$

**Ans A Solve**

$\tan\theta = \frac{5}{12}$; $\cos\theta = \frac{12}{13}$ ; $\sin\theta = \frac{5}{13}$




$\therefore \frac{\sin\theta + \cos(-\theta)}{\sec(-\theta) + \tan\theta} = \frac{\sin\theta + \cos\theta}{\sec\theta + \tan\theta} = \frac{\frac{5}{13} + \frac{12}{13}}{\frac{13}{12} + \frac{5}{12}} = \frac{17}{13} \times \frac{12}{18} = \frac{34}{39}$

**05. $\sqrt{3}\sin\theta + \cos\theta$ এর সর্বোচ্চ মান কত?**

Ⓐ $\sqrt{3}+1$ Ⓑ 2 Ⓒ $\sqrt{3}$ Ⓓ $\sqrt{3}-1$

**Ans B Solve** সর্বোচ্চ মান $= \sqrt{(\sqrt{3})^2 + 1^2} = 2$

**06. $x = \sin\theta - |\cos\theta|$, $0 < \theta < \pi$ এর লঘুমান এবং গুরুমান যথাক্রমে-**

Ⓐ $-2, 2$ Ⓑ $-2, 0$ Ⓒ $0, 1$ Ⓓ $-1, 1$

**Ans D Solve** $x = \sin\theta - |\cos\theta|$

লঘুমান হবে যখন, $\sin\theta = 0, \cos\theta = 1$

লঘুমান, $x = -1$

গুরুমান হবে যখন, $\sin\theta = 1, \cos\theta = 0$

গুরুমান, $x = 1$

## Topic 3 মৌলিক পর্যায়

- **মৌলিক পর্যায় :**
  - sin, cos, sec, cosec ফাংশনগুলোর মৌলিক পর্যায়/পর্যায়কাল/নিয়মিত ব্যবধান।
    - (i) $\frac{2\pi.}{\text{চলকের সহগ}}$ যখন ফাংশনগুলোর ঘাত বিজোড়।
    - (ii) $\frac{\pi}{\text{চলকের সহগ}}$ যখন ফাংশনগুলোর ঘাত জোড়।
  - $\cos^n(mx+c)$ বা, $\sin^n(mx+c)$ হলে মৌলিক পর্যায় $= \frac{2\pi}{m}$; n বিজোড়
  - $\sin^n(mx+c)$ বা, $\cos^n(mx+c)$ হলে মৌলিক পর্যায় $= \frac{\pi}{m}$; n জোড়
  - tan, cot ফাংশনের ক্ষেত্রে মৌলিক পর্যায় $= \frac{\pi}{\text{চলকের সহগ}}$

### Mathematical Problems

**01. $y = \sin\frac{x}{3} + \cos\frac{x}{2}$ ফাংশনটির পর্যায়কাল কত?**

Ⓐ $12\pi$ Ⓑ $6\pi$ Ⓒ $2\pi$ Ⓓ কোনোটিই নয়

**Ans A Solve** $\sin\frac{x}{3}$ এর পর্যায় $= \frac{2\pi}{\frac{1}{3}} = 6\pi$ ; $\cos\frac{x}{2}$ এর পর্যায় $= \frac{2\pi}{\frac{1}{2}} = 4\pi$

$\therefore 6\pi$ ও $4\pi$ এর ল.সা.গু. $= 12\pi$

$\sin\frac{x}{3} + \cos\frac{x}{2}$ এর পর্যায় $= 12\pi$

**02. $\sin(4x+1)$ এর পর্যায় কত?**

Ⓐ $4\pi$ Ⓑ $\pi$ Ⓒ $2\pi$ Ⓓ $\frac{\pi}{2}$

**Ans D Solve** $\sin(4x+1)$ এর পর্যায়ঃ $4x = 2\pi \therefore x = \frac{\pi}{2}$

sinx, cosx, cosecx, secx এর মৌলিক পর্যায় $= 2\pi$

tanx, cotx " " " $= \pi$

## Topic 4 ঘড়ির কাঁটার মধ্যবর্তী কোণ নির্ণয়

- ঘড়ির ঘণ্টার কাটা ও মিনিটের কাটার মধ্যবর্তী কোণ

$\theta = \left|\frac{11}{2}M - 30H\right|$ (M = মিনিটের মান ও H হল ঘণ্টার মান)

যদি কোণ $180°$ এর চেয়ে বড় হয়, হবে কোণ $= 180° - \theta$

### Mathematical Problems

**01. ঘড়িতে 6.20 PM হলে ঘন্টা ও মিনিটের মধ্যে কোণ আনুমানিক-**

Ⓐ $90°$ Ⓑ $120°$ Ⓒ $150°$ Ⓓ $70°$

**Ans D Solve** কোণ $= \left|\frac{60H - 11M}{2}\right| = \left|\frac{60\times6 - 11\times20}{2}\right|$

$= \left|\frac{360 - 220}{2}\right| = \frac{140}{2} = 70°$

**02. একটি গাড়ীর চাকা প্রতি মিনিটে 90 বার ঘুরে। 1 সেকেন্ডে চাকাটি কত ডিগ্রী ঘুরে**

Ⓐ $180°$ Ⓑ $270°$ Ⓒ $360°$ Ⓓ $540°$

**Ans D Solve** একবার ঘুরলে $360°$ ঘোরা হয়।

$\therefore$ 60 সেকেন্ডে এ ঘোরে $90 \times 360°$

$\therefore$ 1 " " " $\frac{90\times360°}{60} = 540°$

## Topic 5 বৃত্তচাপের দৈর্ঘ্য ও বৃত্তকলার ক্ষেত্রফল

- বৃত্তের চাপ ও ব্যাসার্ধ যথাক্রমে s ও r এবং চাপ দ্বারা উৎপন্ন কোণ $\theta$ হলে, $s = r\theta$
- **বৃত্তকলা:** একটি চাপ ও চাপের প্রান্তবিন্দু সংশ্লিষ্ট ব্যাসার্ধ দ্বারা বেষ্টিত ক্ষেত্রকে বৃত্তকলা বলা হয়।
- বৃত্তকলার ক্ষেত্রফল, $A = \frac{1}{2}r^2\theta = \frac{\theta}{360} \times \pi r^2$

যেখানে, r = ব্যাসার্ধ ও $\theta$ = বৃত্তচাপ

### Mathematical Problems

**01. 12 m একটি বৃত্তচাপ 18m ব্যাসার্ধের একটি বৃত্তের কেন্দ্রে কত কোণ উৎপন্ন করে**

Ⓐ $120°$ Ⓑ $90°$ Ⓒ $0°$ Ⓓ $38.19°$

**Ans D Solve** $\theta = \frac{12}{18}$ রেডিয়ান $= \frac{2}{3} \times \frac{180}{\pi} = 38.19°$

**02. পৃথিবীর ব্যাসার্ধ 6000 km। ঢাকা এবং রাজশাহী পৃথিবীর কেন্দ্রে $\frac{\pi}{60}$ রেডিয়ান কোণ উৎপন্ন করলে ঢাকা এবং রাজশাহীর দূরত্ব কত?**

Ⓐ 314.3 km Ⓑ 325.5 km Ⓒ 337.5 km Ⓓ 347.5 km

**Ans A Solve** দূরত্ব, $S = r\theta = 6000 \times \frac{\pi}{60}$

$= 314.159 \approx 314.3$ km.

**03. যদি 6 একক ব্যাসার্ধ ও O কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্তের দুটি ব্যাস AB ও CD এবং $\angle AOD = 160°$ হয়, তবে AOC ও BOD বৃত্তাংশদ্বয়ের মোট ক্ষেত্রফল কত একক হবে?**

Ⓐ $4\pi$ Ⓑ $6\pi$ Ⓒ $7.5\pi$ Ⓓ $3\pi$

**Ans A Solve** বৃত্তকলার ক্ষেত্রফল $= 2 \times \frac{1}{2} \times r^2\theta = r^2\theta$

$= 6^2 \times 20° = 6^2 \times 20 \times \frac{\pi}{180} = 4\pi$

## Topic 6 জেনে রাখা ভালো

- কোনো সুষম বহুভুজে বাহুর সংখ্যা n হলে মোট কেন্দ্রস্থ কোণ সমূহের মান = 360° তাহলে কেন্দ্রস্থ একটি কোণের মান = $\frac{360}{n}$
- n বাহু বিশিষ্ট সুষম বহুভূজের অন্তঃস্থ কোণ সমূহের মান = $(n-2)\times 180°$ $= (n-2)\times 2$ সমকোণ

  একটি অন্তঃস্থ কোণের মান = $\frac{(n-2)}{n}\times 180$

## Part 2 কৃষি বিশ্ববিদ্যালয় সমূহের বিগত বছরের প্রশ্ন ও সমাধান


### গুচ্ছভুক্ত কৃষি বিশ্ববিদ্যালয়

**01. ব্যাসার্ধের সমান দৈর্ঘ্যের একটি জ্যা বৃত্তের কেন্দ্রে কত কোণ তৈরী করে?** [Agri.Cluster : 22-23]

Ⓐ $1^c$ Ⓑ $\frac{\pi}{6}$

Ⓒ $\frac{\pi}{3}$ Ⓓ $\frac{\pi}{4}$

Ans C Solve




$OA = OB = AB$ অতএব $\angle AOB = 60° = \frac{\pi}{3}$

**02. $\sin x + \cos x = 2$ হলে, $\sin^n x + \text{cosec}^n x$ এর মান কত?** [Agri.Cluster : 20-21]

Ⓐ –2 Ⓑ –1

Ⓒ 1 Ⓓ 2

Ans Blank Solve প্রশ্নটি তথ্যগত ভুল আছে। প্রশ্নটি $\sin x + \cos x = 2$ এর পরিবর্তে $\sin x + \text{cosec}\, x = 2$ হবে।

$\sin x + \text{cosec}\, x = 2 \Rightarrow \sin x + \frac{1}{\sin x} = 2 \Rightarrow \sin^2 x + 1 = 2\sin x$

$\Rightarrow \sin^2 x - 2\sin x + 1 = 0 \Rightarrow (\sin x - 1)^2 = 0$

$\Rightarrow \sin x = 1$ এবং $\text{cosec}\, x = 1$

$\therefore \sin^n x + \text{cosec}^n x = 1^n + 1^n = 1 + 1 = 2$

**03. টেনজেন্ট ফাংশনের মৌলিক পর্যায় কোনটি?** [Agri.Cluster : 19-20]

Ⓐ $\frac{\pi}{2}$ Ⓑ $\pi$

Ⓒ $2\pi$ Ⓓ $\frac{3\pi}{2}$

Ans B Solve (tangent) টেনজেন্ট ফাংশনের মৌলিক পর্যায় = $\pi$.

### বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

**01. যদি $\sec\theta = -2$ এবং $\frac{\pi}{2} < \theta < \pi$ হয়, তবে $\theta$ এর মান কত?** [BAU : 17-18, 08-09, 02-03]

Ⓐ $-\frac{2\pi}{3}$ Ⓑ $\frac{2\pi}{3}$

Ⓒ $-\pi$ Ⓓ $\pi$

Ans B Solve $\sec\theta = -2 \Rightarrow \sec\theta = -\sec\frac{\pi}{3}$

$\Rightarrow \sec\theta = \sec\left(\pi - \frac{\pi}{3}\right) \Rightarrow \theta = \pi - \frac{\pi}{3} = \frac{2\pi}{3}$

**02. একটি বহুভুজের একটি কোণের পরিমাণ 170°, বহুভুজটির বাহুর সংখ্যা কত?** [BAU : 17-18]

Ⓐ 9 Ⓑ 18

Ⓒ 27 Ⓓ 36

Ans D Solve আমরা জানি,


বহুভুজটির বাহুর সংখ্যা = $\frac{360°}{180° - \text{অন্তঃস্থ কোণ}} = \frac{360°}{180° - 170°} = 36$

**03. বৃত্তের ব্যাসার্ধের সমান চাপ ঐ বৃত্তের কেন্দ্রে কত ডিগ্রি কোণ উৎপন্ন করে?** [BAU : 17-18]

Ⓐ 0.573° Ⓑ 5.73° Ⓒ 57.3° Ⓓ 573°

Ans C Solve আমরা জানি,

$\theta = \frac{s}{r} = \frac{x}{x} = 1^c = \frac{180°}{\pi} = 57.3°$




**04. বৃত্তের কেন্দ্রে 30° কোণ উৎপন্নকারী বৃত্তকলা ও সম্পূর্ণ বৃত্তের ক্ষেত্রফলের অনুপাত কত?** [BAU : 16-17]

Ⓐ 1:6 Ⓑ 1:12 Ⓒ 1:18 Ⓓ 1:24

Ans B Solve বৃত্তের কেন্দ্রে 30° কোণ উৎপন্নকারী

বৃত্তকলার ক্ষেত্রফল, $A_1 = \frac{30°}{360°}\times \pi r^2$; সম্পূর্ণ বৃত্তের ক্ষেত্রফল, $A_2 = \pi r^2$

$\therefore \frac{A_1}{A_2} = \frac{\frac{30°}{360°}\times \pi r^2}{\pi r^2} \Rightarrow \frac{A_1}{A_2} = \frac{30°}{360°} = \frac{1}{12} \Rightarrow A_1 : A_2 = 1 : 12$

**05. $\sqrt{x}\sin\theta = \sqrt{3}$ এবং $\sqrt{x}\cos\theta = 1$ হলে 'θ' এর মান কত হবে?** [BAU : 13-14]

Ⓐ 45° Ⓑ 90° Ⓒ 60° Ⓓ 30°

Ans C Solve $\frac{\sin\theta}{\cos\theta} = \sqrt{3} \Rightarrow \tan\theta = \tan 60° \quad \therefore \theta = 60°$

**06. কোণ পরিমাপের জন্য ত্রিকোণমিতিতে সাধারণত কত প্রকার একক ব্যবহার করা হয়?** [BAU : 10-11, SAU : 06-07]

Ⓐ এক Ⓑ দুই Ⓒ তিন Ⓓ চার

Ans C Solve i. ষাটমূলক (ডিগ্রি) ii. শতমূলক (গ্রেড) iii. বৃত্তীয় (রেডিয়ান)

**07. নিচের কোনটি সঠিক?** [BAU : 06-07]

Ⓐ $-1 \le \sin\theta \le 1$ Ⓑ $-1 < \sin\theta < 1$ Ⓒ $0 \le \sin\theta \le 1$ Ⓓ $0 < \sin\theta < 1$ Ans A

**08. 50°37′30″ কত রেডিয়ানের মান?** [BAU : 06-07]

Ⓐ $\frac{\pi}{32}$ Ⓑ $\frac{9\pi}{32}$ Ⓒ $\frac{2\pi}{32}$ Ⓓ $\frac{5\pi}{32}$

Ans B Solve $50°\ 37'\ 30'' = \frac{405°}{8} = \frac{405}{8}\times\frac{\pi}{180} = \frac{9\pi}{32}$

**09. $\sin^2 3622\frac{1°}{2} + \cos^2 3622\frac{1°}{2}$ এর মান কত?** [BAU : 05-06]

Ⓐ 1 Ⓑ 0 Ⓒ –1 Ⓓ $\frac{1}{2}$ Ans A

**10. যদি $\frac{\pi}{2} < \theta < \pi$ এবং $\sin\theta = 0.6$ হয়, তবে $\tan\theta$ এর মান কত?** [BAU : 02-03]

Ⓐ 0.75 Ⓑ – 0.75 Ⓒ 1.33 Ⓓ –1.33

Ans A Solve $\sin\theta = 0.6 \Rightarrow \sin^2\theta = (0.6)^2 = 0.36$

$\Rightarrow 1 - \cos^2\theta = 0.36 \Rightarrow \cos^2\theta = 1 - 0.36 = 0.64 \quad \therefore \cos\theta = 0.8$

$\therefore \tan\theta = \frac{0.6}{0.8} = 0.75$

**11. $0 < \theta < n$ হলে কোনটি সত্য?** [BAU : 01-02]

Ⓐ $-1 < \sin\theta \le 1$ Ⓑ $-1 < \sin\theta < 1$

Ⓒ $0 < \sin\theta \le 1$ Ⓓ $0 \le \sin\theta \le 1$

Ans C Solve The Ranges of $\sin\theta$ is $-1 \le \sin\theta \le 1$

• The Ranges of $\cos\theta$ is $-1 \le \cos\theta \le 1$

$0 < 0 < \pi$ অসমতাটি ১ম ও ২য় চর্তুভাগ নির্দেশ করে। অন্যদিকে ১ম ও ২য় চর্তুভাগে sine অনুপাত সর্বদা ধনাত্মক। সুতরাং উত্তর হবে $0 < \sin\theta \le 1$

## শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

**01. 7 টা 15 মিনিটের সময় ঘণ্টা ও মিনিটের কাটার মধ্যবর্তী কোণের পরিমাণ ষাটমূলক এককে কত হবে?** [SAU : 17-18]

Ⓐ $120°30'$ Ⓑ $125°15'$ Ⓒ $120°15'$ Ⓓ $127°30'$

**Ans D Solve** $\theta = \left|\frac{60H - 11M}{2}\right| = \left|\frac{60\times7 - 11\times15}{2}\right| = 127°30'$

**02. এক রেডিয়ান সমান কত সমকোণ?** [SAU : 14-15]

Ⓐ $\pi$ Ⓑ $\frac{2}{\pi}$ Ⓒ $\frac{\pi}{2}$ Ⓓ $2\pi$

**Ans B Solve** 1 রেডিয়ান $= \frac{2}{\pi}$ সমকোণ।

**03. sin (x + 1) এর পর্যায় কত?** [SAU : 13-14]

Ⓐ $4\pi$ Ⓑ $\frac{\pi}{2}$ Ⓒ $2\pi$ Ⓓ কোনোটিই নয়

**Ans C Solve** sin, cos, sce, cosce – এর পর্যায়কাল $= 2\pi$

**04. $\tan A = \frac{5}{12}$ এবং $\frac{\pi}{2} < A < \pi$ হলে, নিচের কোনটি সঠিক?** [SAU : 13-14]

Ⓐ $\cos A = \frac{5}{13}$ Ⓑ $\cos A = -\frac{5}{13}$ Ⓒ $\cos A = \frac{12}{13}$ Ⓓ $\cos A = -\frac{12}{13}$

**Ans D Solve** ২য় চতুর্ভাগে cosA ঋণাত্মক।

$\cos A = -\frac{12}{13}$




